| উহার বাড়ী | উনি আঃ ওড়াঃ | Uñiak' oṛak' |
| একটি লোক | মিন্ হড়্ † | Min hoṛ |
| | মিৎটাং হড়্ | Mit'taṅ hoṛ |
| আমের আটী | কোয়ো, উল্‌জাং | Koyo, ul jaṅ |
| তালের আটী | তালে জাং | Tale jaṅ |
| আমার স্বামী | ইঞ্‌রেণ্ হেরেল্ | Iñren herel |
| গরম জল | লোলো দাঃ | Lolo dak' |
| কুটুম লোক | পেড়া হড়্ | Peṛa hoṛ |
| বেজায় ভারী | আডি হামাল্‌গিআ | Aḍibamalgia |
| নিষেধ দিন | মানা আকান্ দিন | Mana akan din |
| পবিত্র দিন | সনৎ মিসা | Sanat' misa |

---

## Lesson 3.

| | | |
|---|---|---|
| বেজায় গরম্ | বেজাএ উদ্‌গার | Bejae udgaṛ |
| সহজ ঔষধ | আল্‌গা রাণ্ | Alga ran |
| আগামী সপ্তাহ | দারাকান্ হাপ্তা | Darakan hapta |

† মিৎহড়্ বলা রীতি নাই।

| বাংলা | সাঁওতালী | ইংরাজী অক্ষরে সাঁওতালী |
|---|---|---|
| পাঁচটী কাঁঠাল | মোঁড়েঁ গোটাং কাঁঠাড়্ | Môrê gotań kanthar |
| কঠোর জীবন | কাট্ জিবা | Kaṭ jiba |
| খেলার জিনিষ | এনেঃই জিনিষ | Enec' jinis |

## Lesson 4

| | | |
|---|---|---|
| বাহিরে যাও | দেলা ওডো কোঃমে | Dela Odokok'me |
| ভিতরে এস | ভিতিরিরে বলঃমে | Bhitirire bolok'me |
| এখানে রাখ | নোণ্ডেদোহএমে | Nonḍe dohoeme |
| আঁধার হ'ল | ঞুত্ কানা | N'ut' kana |
| কাগজ দেও | দেন্ এমাঞমে কাগজ | Den emań'me Kagaj |
| তোমরা যাও | দোঃ চালাঃ পে | Do calak' pe |
| আগুন দেও | দেন আগুইমে সেঙেল | Den aguime Seńgel. |
| সাহায্য কর | গড়ো আঞমে | Goṛoań'me |
| আমরা যাই | দেলা বন্ চালাঃআ | Dela bon Calak'a |
| আমার নাই | ইঞাবাড়ুঃতিঞা | In'ak'banuk'in'a |
| প্রস্তুত হও | সাপ্রাওঃ মে | Sapraok' me |
| উপরে উঠ * | চেতান্ রে দেজোঃ মে | Cetanre dejok' me |

* সামান্য উপরে।

| বাংলা | সাঁওতালী | ইংরাজী অক্ষরে সাঁওতালী |
|---|---|---|
| | ‡ ✱ চট্রে দেজোঃ মে | Catre dejok'me |
| আড়ালে যাও | চোকোঃ মে, | Cokok'me |
| | দানাং ওঃ মে | Danań ok' me |
| তামাক সাজ | থামাকুর | Thamakur |
| | চোন্দাইমে বা | Condaime |
| | সাজাও মে | or Sajaome |
| কাপড় তোল | কিচ্ রিঃই্ | Kicric' |
| | রাকাব্ মে | Rakabme |
| কোথায় বল ? | চেদাকোঃ মেনা ? | Cedak'ko mena ? |
| মাটিতে যাও | অৎরে চালাঃ মে | Ot're Calak'me |
| খেজুর পাড় | খিজুর তিয়োগ্ মে | Khijur tiogme |
| তোমার দিকে | আম্ সেঃই্ | Am sec' |
| আমার মত | ইঞ্ লেকা | In' leka |
| উচিত মতে | লেক্ লেকাতে | Leklekate |

## Lesson 5

| | | |
|---|---|---|
| হাসিও না | (১) আদো আলম্ | Ado alom |
| | লান্দা এদা | landa eda |
| | (২) চেদা এম্লান্দা | Ceda em landa |
| | এদা | eda |

‡ খুব উপরে

| বাংলা | সাঁওতালী | ইংরাজী অক্ষরে সাঁওতালী |
|---|---|---|
| | (৩) চেদাম লান্দা | Cedamlanda |
| | এদা হাপে | eda hape |
| | থিরলেন মে | thirlen me |
| চিরিও না | আলম্ ওড়ে জা | Alom ereja |
| ভাঙিও না | আলম্ রাপুদা | Alom rapuda |
| ফেলিও না | আলম্ গিড়িআ | Alom gidia |
| চড়িও না | আলম্ দেজোঃ আ | Alom dejoa |

## Lesson 6

| | | |
|---|---|---|
| কি চাও ? | চেৎ এম এ্ঞাম্ কানা ? | Cet' em n'amkana ? |
| কি কর ? | চেৎ এম্ চেকাএদা ? | Cet' em cekaeda ? |
| কি আছে ? | চেৎ মেনাঃ আ ? | Cet' menak'a |

## Lesson 7

| | | |
|---|---|---|
| বাড়ী যাও | ওড়াঃরে চালাঃ মে | Orarek' calak'me |
| ভাত খাও | দাকা জম্ মে | Daka jom me |
| কোথা যাও | ওকাতেম্ চালাঃ কানা | Okatem calak'kana |
| জল খাও | দাঃ ঞুই মে | Dak' n'uime |
| আগে যাও | লাহা রে চালাঃ মে | Lahare Calak'me |

| বাংলা | সাঁওতালী | ইংরাজী অক্ষরে সাঁওতালী |
|---|---|---|
| ভক্তি লও | ডবো আতাং মে | Dobo atan me |
| পান দেও | দেন্ পান এমাঞ মে | Den pan eman me |
| নিয়ে যাও | মা † ইদিমে | Ma idime |
| কাঁথা দেও | দেন আগুই মে | Den aguime |
| | কেন থা | kentha |
| সরে যাও | ও চোমে | Ocome |
| ঘর ছাও | ওড়াঃ দাপ্ মে | Orak' dap' me, |
| কেন যাও | চেৎ লাগিৎ চালাঃ আ | Cet'lagit' calak'a |
| | চেদা চালাঃ আ | Ceda calak'a |
| বেন্ধে দেও | তল্ কাঃ মে, তল্মে | Tolkak' me, tolme |
| তুমি যাও | আমদ চালাঃ মে | Amdo calak'me |
| ধুয়ে দেও | আরুপ্ কাঃ মে | Arupkàk' me |
| ঝাড়ু দেও | জগ্মে | Jogme |
| বাতি দেও | দেন্ দিউহে আগুইমে | Den diuhe aguime |
| কাছে এস | দেলা হিজুঃ মে ইঞ্ ঠেন্ | Dela hijuk'me in'then |
| ধারে বস | ইঞ্ ফেড্ রে ডুড়ুপ্ মে | In'fedre durupme |
| মধ্যে এস | তালাতে হিজুঃ মে | Talate higuk'me |
| সরে বস | ফারাক্রে ডুড়ুপ্ মে | Farakre durupme |
| শীঘ্র এস | হাকো পাকো হিজুঃ মে | Hako pako hijuk me |

† আদর করিয়া কোন কথা বলিতে হইলে 'মা' শব্দ ব্যবহার করিতে হয়।

| বাংলা | সাঁওতালী | ইংরাজী অক্ষরে সাঁওতালী |
|---|---|---|
| | "হেঃই গদোমে" হদোমে or "হলোমে" | Hec' godome hodome Hec' holome |
| কোলে বস | হোবোর্ মিঞাই | Hobor mian' |
| কাজ কর | কামি মে | Kamime |
| খেলা কর | এনেঃ ইমে | Enec' me |
| সাফা কর | সাফা এমে | Safae me |
| ভিজে গেল | লহৎ এনা | Lohot ena |
| বাক্স খোল | (i) বাক্সো রাড়া এমে | Bakso raraeme |
| | (ii) বাকসো ঝিজ্ মে | Bakso jhij me |
| বেছে ফেল | আকিরিঞ গিড়িমে | Akirin' gidime |
| সন্ধ্যা হ'ল | হাসুরে নাই এ | Hasure naie |
| আলো জালো (১) | দিউ হে জেরেদ মে | Diuhe jeredme |
| (১১) | দিউ হে লাগাও আঃ মে | Diuhe lagaoak' me |
| আম গোল | উল্ রোডোজমে | ul rodogme |
| আম ছাল' | উল্ হইয়োএমে | ul hoiyoe me |
| তেড়ি কাট | হরাসিঃ মে | Horasik'me |
| পাট কাট | জেড়ি ঢেরা মে | Jeri dherame |
| আমি যাই | ইঞদ চালাঃ কানাঞ | In' do calak' Kanan' |

| বাংলা | সাঁওতালী | ইংরাজী অক্ষরে সাঁওতালী |
|---|---|---|
| মনে নাই | বাংইঞ্ দিশে এদা | Bañ in'dise eda |
| চল যাই | দেলাবন্ চালাঃ আ | Delabon calak'a |
| বেলা নাই | বের্ বানুঃ আ | Ber banuk'a |
| পারে যা'ব | হা না সা পারমঃ আঞ | Hanasa paromok'an' |
| আমি দিব | ইঞ্ এমো আ | In' emoa |
| ঢেলে দিব | ডুল্ গিডিকাঃ আঞ | Dul gidikakan' |
| মুখ দেখ | মোচা ঞেল্ মে, | Moca n'elme |
| | মেৎ আহা ঞেল্ মে | Met'aha n'elme |
| নীচে দেখ | লাতাররে ঞেল্মে | Latarre n'elme |
| গাই সেকো | গাই ডুহাও এম্ | Gai duhaoem |
| তুমি ডাক | আম্গে হহ আগুই এম্ | Amge hoho aguiem |
| নম্র ভাবে | নাচার কাতে | Nacarkate |
| সাফা হবে | সাফাঃ আ | Safak'a |
| কথা আছে | ইঞ্ মেতাম্কানা | In' metam kana |
| কাজ আছে | কামি মেনাঃ তিঞা | Kami menak'tin'a |
| মনে আছে | মনে হিজুঃ | Mone hijuk' |
| ব'সে আছি | ডুড়ুপ্ আকানাঞ্ | Durup akanan' |
| গাছে চড় | দারেরে দেজোঃ মে | Darere dejok'me |
| কি'নে আন | কিরিঞ্ আগুকোম্ † | Kirin' agukom |

† জীবিত পদার্থে আগুকোম আর জড় পদার্থে আগুইমে।

| বাংলা | সাঁওতালী | ইংরাজী অক্ষরে সাঁওতালী |
|---|---|---|
| খড়ি বাঁধ | স্যাহান্ তলপে | Sahan tolpe * |
| টাটি বাঁধ | টাটি তল্মে | Tati tolme † |
| বিনা পাপে | বেগর্ পাপ্তে | Begor papte |
| | বিন্ পাপ্তে | Bin papte |
| পাপ হ'তে | পাপ্ খন্ | Pap khon |
| দুই হাতে | বানার্ তিরে | Banar tire |
| বাঁশ ঝাড় | মাৎ পাড়াগমে | Mat' paṛagme |
| থালা মাজ | থারি গিতিলমে | Thari gitilme |
| জোর কোরে | জোর মরে তে | Jormote |
| তুমি ব'লে | আম্ কাথাএ | Am kathae |
| উনি ছাড়া | উনি ছাড়া | Uni chaṛa |
| | উনি ছাণ্ডা | Uni chanḍa |
| শাঁক বাজাও | শাঁকোয়া অরংমে | Sâkwa oroṅme |
| বাত্তি কমাও | বাতি কমাওমে | Bati komaome |
| জলে মিশাও | দাঃরে ঘোরাওমে | Dak're ghoraome |
| বাতি বাড়াও | বাতি রাকাব্মে | Bati rakabme |
| দড়ি পাকাও | বাবের উঁএ্মে | Baber uń'me |
| কাঠ সরাও | কাঠ্ অচগ্মে | Kaṭh ocogme |
| জল আসিবে | দাঃ হিজুঃ আ | Dak' hijuk'a |

* Pe—বহু বচন। † Me—এক বচন।

| বাংলা | সাঁওতালী | ইংরাজী অক্ষরে সাঁওতালী |
|---|---|---|
| বটী কোথায় | বিন্ঠী ওকাএনা | Binthi okaena |
| আমি আনিব | আগুই আঞ্ | Agni an´ |
| আমি করিব | ইঞ্ কেদাঞ্ | In′ kedan′ |
| চুটী ধরাও | চুটী লাগাওমে বা জেরেদমে | Cuti lagaome or jeredme |
| মনে রাখিও | দিশাই্মে | Disaime |
| এই কারণে | নোআ ইঁআতে | Noa îate |
| সেই প্রকারে | ওনা লেকাতে | Ona lekate |
| ক্ষমা হ'বেনা | বাং ইকাতাবোনা | Bañ ikatabona |

| | | |
|---|---|---|
| রাজ প্রতিনিধি | রাজারেন্ বাদ্লিকানাএ | Rajaren badlikanae |
| আমাদের প্রভু | আলেরেন্ প্রাভু | Aleren prabhu |
| আঘাতের দাগ | হুদ্রু | Hudru |
| ইন্দুরের গর্ত্ত | গডো ভুগাঃ | Godo bhugak' |
| পাইবার জন্য | ঞাম্লাগিৎ | N´am lagit' |
| পুরস্কার দিব | বাকশিস্ ইঞ্ এমামা | Baksis in´ emama |
| আমাদের জন্য | আবো লাগিৎ | Abo lagit' |
| মেরামত কর | জুত্ কাতিংমে | Jut' katiñme |
| সাবধানে থাক | সন্তর্তে তাহেন্মে | Sontorte tahenme |
| সাবধান হও | সাম্ড়াওঃ মে | Samṛaok' me |

| বাংলা | সাঁওতালী | ইংরাজী অক্ষরে সাঁওতালী |
|---|---|---|
| ভয়ঙ্কর পাপ | আড়ি বতরাণ্ পাপ | Aḍi botoraṇ pap |
| সাঁওতালী কথা | হড়্ রড়্ | Hoṛ roṛ |
| পূর্ণ করিয়াছে | পেরেঃই্ কেদাএ | Perec' kedae |

## Lesson 8.

| | | |
|---|---|---|
| বাড়ীতে আছে | ওড়াঃরে মেনাএআ | Oṛak're menaea |
| তাহাকে আন | দো আগুকুম্ | Do agukum |
| উহাকে দেও | দেন্ উনি এমাএমে | Den uni amaeme |
| এখানে আছে | নোণ্ডে মেনাঃ আ * | Nonḍe menak'a |
| | নোণ্ডে মেনাএআ † | Nonḍe menaea |
| একটা নেও | মিৎটেন্ নি | Mit'ten ni |
| ঘরের মধ্যে | ওড়াঃ মুদ্‌রে | Oṛak' mudre |
| সাহায্য কর | গড়ো আঞ্‌মে | Goṛoan'me |
| সুপারী কাট | গুআ গেদ্‌মে | Gua gedme |
| আমাকে দেও | দেন ইঞ্ এমাঞ্‌মে | Den in' eman'me |
| মাথায় নিয়ে | দিপিল্ কাতে | Dipilkate |
| বিশ্বাস দ্বারা | বিসুহাস্‌তেগি | Bisuhastegi |
| বয়স কত | তিনা উমার হোইএনা | Tinak' umar hoieṇa |

* জড় পদার্থে † প্রাণীতে।

# Lesson 9.

| বাংলা | সাওতালী | ইংরাজী অক্ষরে সাওঃ |
| --- | --- | --- |
| বাহির হইল বা উঠিল | বেরেৎরুআড়্এনা | Beret' ruaṛena |
| বিরক্ত হইল | আড়িস্এনা | Aṛisena |
| ঘামিয়া পড়িল | বাল্‌বালাওএনা | Balbalaoena |
| হাপিয়া পড়িল | লকোর্ ফকোর্এনা | Lokor phokorena |
| এখানে থাকিল | নোণ্ডে তাহে এনা | Nouḍe tahe ena |
| খারাপ হইবে | বাড়ীজঃআ | Baṛijok'a |
| ডুবিয়া যাইবে | উন্নুমোঃআ | Unumok'a |
| বড়ই হাওয়া | আডি আটে হোএদা | Aḍi aṭe hoeda |
| মাথার উপর | বহঃ চেতান্রে | Bohok' cetanre |
| সামান্য নিকটে | সোর্ মাছারে | Sor machare |
| হওয়া উচিৎ | লেক্তামা | Lektama |
| সাঁতার জানিনা | পাএরাঃবাঞ্ বাডাএআ | Paerak' ban' baḍaea |
| কখন আসিবে ? | তিন্রে হিজুঃআ | Tinre higuk'a |
| আমাকে দেখাও | ইঞ্ উদুঃআঞ্মে | In' uduk'an'me |

## Lesson 10.

| বাংলা | সাঁওতালী | ইংরাজী অক্ষরে সাঁওতালী |
|---|---|---|
| জ্বর হইয়াছে | রুআ কানাঞ্ | Ruakanan' |
| মাথা ধরিয়াছে | বহঃ হাসো এনা | Bohok' haso ena |
| শীত করিতেছে | রাবাং কানা | Rabaṅ Kana |
| মেঘ আসিতেছে | (১) রিমিল্ হিজুঃ কানা | Rimil hijuk' kana |
| | (২) রিমিল্ আকানা | Rimil akana |
| | (৩) রিমিল্ কেদা | Rimil keda |
| জল আসিতেছে | দাঃ হিজুঃ কানা | Dak' hijuk' Kana |
| ব্যাঙ্ ডাকিতেছে | রটে রাঃ এদাএ | Roṭe rak' edae |
| মেঘ ডাকিতেছে | রিমিল সাডে কানা | Rimil saḍe kana |
| হাল বাহিতেছে | সিও কানা এ | Sio kanae |
| জল বাড়িতেছে | ডুবা রাকাপ্ কানা | Ḍuba rakap kana |
| বান বাড়িয়াছে | ডুবা রাকাপ এনা | Ḍuba rakap ena |
| বান কমিয়াছে | ডুবা আঞ্জেং এনা | Ḍuba añjet ena |
| চেষ্টা করিয়াছে | কুরুমুটু কেদাএ | Kurumutu kedae |
| ঠিক হইয়াছে | ঠিক্ হোই এনা | Ṭhik hoiena |
| ধান কাটিতেছে | হড়োকো ইরেৎকানা | Hoṛoko iret' kana |
| ফুল ফুটিয়াছে | বাহা সাড়্ আকানা | Baha saṛ akana |
| পূর্ণ হইয়াছে | পেরেঃই এনা | Pereo' ena |

| বাংলা | সাঁওতালী | ইংরাজী অক্ষরে সাঁওতালী |
|---|---|---|
| জল পড়িতেছে | দাঃ জরঃ কানা * | Dak' joro'k'kana |
| আমি করিয়াছি | ইঞ্ কেদাঞ্ | In' kedan' |
| গরু চরাইতেছি | গাই গোপি কানাঞ্ | Gai gopi kanan' |
| স্বপ্নে পাইয়াছি | কুক্‌মুতে ঞাম্ লেদাঞ্ | Kukmute n'am ledan' |
| আমি লইতেছি | ইঞ্ হাতাও এদা | In' hatao eda |
| কেন পারিবিনা | চেদা বাম্ দাড়ে আ আ | Ceda bam daṛea a |
| ওটা লইওনা | ওনাদ আলম্ হাতাও আ | Onado alom hataoa |
| কেন হইবেনা | চেদা বাং হোয়োঃআ | Ceda baṅ hoyok'a |
| কাজ করিওনা | আলম্ কামি আ | Alom kamia |
| মিথ্যা বলিওনা | এড়ে আলম্ রড়া | Eṛe alom roṛa |
| চুরি করিওনা | আলম্ কোম্বড়োইআ | Alom kombṛoia |
| খুন করিওনা | আলম্ খুনা | Alom khuna |

## Lesson 11.

| | | |
|---|---|---|
| শৃগাল ডাকিতেছে | তোয়োরাঃ এদাএ | Toyo rak' edae |
| কুকুর ডাকিতেছে | (১) সেতা ভুঃ কেদাএ | Seta bhuk' kedae |
| | (১১) সেতা ভুঃ ভুঃ কানাএ | Seta bhuk' bhuk' kanae |

* চালিবার সময় পড়িলে "হিরিঃই কানা" হইবে।

| বাংলা | সাঁওতালী | ইংরাজী অক্ষরে সাঁওতালী |
|---|---|---|
| তৈল ফুরাইয়াছে | সুনুম্ চাবা আকানা | Sunum caba akana |
| কেন হইতেছে না | চেদা বাং হোয়োঃ কানা | Ceda bań hoyok' kana |

## Lesson 12.

| | | |
|---|---|---|
| নড়া নড়া দাঁত | লেউয়া লেউয়া ডাটাদ | Lewa lewa data do |
| গরম গরম ভাত | লো লো দা কা | Lolo lolo daka |
| দুইশত আম্ | বার্ শাএ উল | Bar sae ul |
| বলনা কতদাম্ | লাইমে তিনাঃ এম্ দামা | Laime tinak'em dama |
| আম গাছতলে | উলদারে বুটারে | Uldare buṭare |
| মালা দিব গলে | মালাহটোঃ রে হরঃ আমাঞ | Mala hoṭok're horok' amań |

## প্রাত্যাহিক কথা ।

## Lesson 13.

| বাংলা | সাঁওতালী |
|---|---|
| পোষ্ট আফিসে যাই | ডাক্ ওড়াঃ রে চালাঃ কানাঞ |
| কেন ? | চেৎ লাগিৎ |
| চিঠি দিতে | চিঠি ইদি চৌকা কানাঞ |

| বাংলা | সাঁওতালী |
| --- | --- |
| চিঠি লেখ | চিঠি অল্‌মে |
| পোষ্ট আফিসে যাও | ডাক্ ওড়াঃ রে চালাঃ মে |
| চিঠি আসিয়াছে | চিঠি হেঃই আকানা |
| চিঠি আছে ? | চিঠি মেনাঃ আ ? |
| হাঁ আছে | হেঁ মেনাঃ আ |
| চিঠি আসে নাই | চিঠি বাং হেঃই আকান্‌তিঞা |
| একখানা আছে, পড় | মিংটেন মেনাঃ আ, পড়হাও মে |

---

## Lesson 14.

| | |
| --- | --- |
| কে কাঁদে ? | অকএ রারাঃ কানাএ ? |
| খোকা কাঁদে | খোকা রাঃ এদা এ। |
| কি হইয়াছে | চেকাওয়া কানাএ |
| কাঁদিস কেন ? | চেদাঃ এম্ রাঃ এৎ কানা |
| ক্ষুধা লাগিয়াছে | রেঙ্গে এ দে আ বা রেঙ্গে আকানাএ। |
| মাই খাওয়াও | হুহু আইমে। |
| মাই খাও | হুহু ঞুইমে। |
| দুধ খাওয়াও | তোয়া আইমে। |
| দুধ খাও | তোয়া ঞুইমে। |

| বংলা | সাঁওতালী |
|---|---|
| এদিকে দেও | নতে আগুকাএমে। |
| কোলে কর | মা হেওয়ে মে। |
| স্থির হও | থির কোম্এ। |
| কাঁদিওনা | আলম্ রাগা। |
| কে মারিয়াছে ? | অকএ দাল্ কেদেআ ? |

## Lesson 15.

| | |
|---|---|
| বেলা হইল | বের্ হোয়এনা। |
| পাকে যাও | দাকা দাঃ চোন্দাইমে। |
| কি রাঁধিব | চেৎইঞ্ উতুইআ। |
| যাহা আছে রাঁধ | যাগে মেনাঃ আ উতুইমে। |
| যাহা মনে হয় | যেগে মনে হোয়োঃ। |
| মাছ রাঁধ | হাকো উতুকুম্ |
| ডাল রাঁধ | দা ল্ উতুইমে |
| তাড়াতাড়ি রাঁধ | (i) উসেরাতে দাকা গদমে। |
| | (ii) হাকোপাকো ইসিন্ মে |
| ক্ষুধা লাগিয়াছে | রেঙ্গে আকাঞ্। |
| ভাত হইয়াছে ? | দাকা হোইএনা সে বাং |
| হাঁ হইয়াছে | হেঁ হোয়এনা বা হোইএনা। |

| বাংলা | সাঁওতালী |
|---|---|
| হয় নাই | (।) বাং হোয় আকানা |
| | (।।) বাং হোই আকানা |
| একটু বিলম্ব আছে | থোড়া দেরি গিআ |
| খাইতে আস | ( দাকা ) জম্ হিজুঃমে। |
| ভাত খাইবা ? | দাকা জমা ? |
| ভাত খাইয়াছিস্ ? | দাকা জম্ কেদাম্ ? |
| কি দিয়ে খাইবা ? | চেৎ সঙ্গেম্ জমা ? |
| দুধ দিয়ে খাইবা ? | তোয়া সঙ্গেম্ জমা ? |
| তরকারি দিয়ে খাইবা ? | উতু সঙ্গেম্ জমা ? |
| শীঘ্র ভাত দেও | উসেরাতে দাকা এমাঞ্মে |
| খাইয়া মফঃস্বলে যাইব | দাকা জম্কাতেঞ্ মফঃস্বল্রে চালাঃ আঞ্। |
| জামা কাপড় দেও | আঙ্রোপ্ কিচ্রিঃই্ঃ এমাঞ্মে বা আ-গুইমে |
| আমি ভাত খাইতেছি | ইঞ্দাকা জম্ এদাঞ্ |
| আমি ভাত খাইতেছি | ইঞ্দাকা জম্ আকাৎগিআ |
| তুই ভাত খাইয়াছিস ? | আমদ দাকাম্ জম্ কেদা ? |
| হাঁ খাইয়াছি | হেঁ জম্ আকাদাইঞ্ |
| আগে ভাত খাও, পরে দুধ খাও | লাহারে দাকা জম্মে তায়ম্তে তোয়া ঞুইমে। |
| তুমি কি খাইয়াছ ? | আমদ চেৎ এম্ জম্ আকাদা ? |
| ভাত খাইতেছ, খাও | দাকাম্ জজম্কানা, মা জম্মে। |

| বাংলা | সাঁওতালী |
|---|---|
| কুটুম্ ভাত খাইবে, দেও | পেড়া দাকাকো জমা, এমাকোপে ; |
| আমাদের এখানে খাইবে | আবো ঠেন্ জমা। |
| ভাতে পোকা পড়িয়াছে, খাবনা | দাকারে তেজো মেনাএআ বাঞ্ জমা। |

## Lesson 16.

| | |
|---|---|
| স্নানের বেলা হইয়াছে ? | উমো বের্ হোয়এনা ? |
| হাঁ হইয়াছে | হেঁ হোয় আকানা। |
| স্নান করিতে যাও | উমোম্ চালাঃমে |
| তৈল দেও | (!) সুনুম্ এমাঞ্মে * |
| | (!!) সুনুম্ এমাএমে † |
| তৈল মাখ | সুনুম্ অজগ্মে। |
| তৈল মাখিয়াছ ? | সুনুম্ অজগ্ কেদা এম্ ? |
| স্নানে যাইতেছি | উমো ইঞ্ চালাঃকানা |
| স্নানের সময় | তোপন্ জোখা বা উমো বের্। |
| খোকাকে স্নান করাইয়া দেও | গিদ্-রা উম্ কাএমে। |

## Lesson 17.

| | |
|---|---|
| হাট বেলা হইয়াছে | হাট্ বের্ হোয় এনা। |
| হাটে যাইতেছ ? | হাট্রে চালাঃকানাম হো |

* নিজের বেলায় † অন্যের বেলায়।

| বাংলা | সাঁওতালী |
|---|---|
| হাটে যাইতেছি | হাট্‌রে চালাঃ কানাঞ্‌ |
| হাটে গেল | হাট্‌রে চালাও এনাএ। |
| শীঘ্র আসুন্‌ | উসেরাতে হেঃই্‌ গদোক্‌মে বা হুদোমে। |
| হাট হইতে কিছু আনিতে হইবে ? | হাট্‌ খন্‌ চেৎ এম্‌ আগুই আ ? |
| তৈল, লবণ, মরিচ, পেঁয়াজ ইত্যাদি | সুনুম্‌, বুলুং, মরিচ, পেঁয়াজ এমানতেআ |
| সকালে আসিও | আড়গাৎরে হিজুঃমে। |
| না, একটু রাত্র হবে | বাং, থোড়া ঞিন্দেঞ্‌ আ। |
| সকালেই আসিব | বেবুরেগি হিজুঃ আঞ্‌। |
| শিম সওদা এনেছি | মাহলান সাওদা আগুকিদেঞ্‌। |
| হাটে আমার সহিত সকালে সাক্ষাৎ করিও | হাট্‌রে ইঞ্‌ তুলুঃই্‌ লাহারে ঞাপাম্‌মে। |
| হাটে আসিয়াছিস্‌ ? | হাট্‌তেম্‌ হেঃই আকানা ? |
| তোমার বহু হাটে আসে না ? | আম্‌ বাহু হাট্‌রে বাএ হেঃই আকানা ? |
| এক দিনও নহে ? | মিৎ দিন্‌ হঁ বাং ? |

---

# Lesson 18.

| | |
|---|---|
| ঘুম আসিতেছে | ডুদ্‌ড়ুম্‌ এদেআ |
| শুইব | গিতিঃই আঞ্‌ |

| বাংলা | সাঁওতালী |
|---|---|
| শয়ন কর | গিতিঃই মে |
| তুমি শয়ন করিবে না | আমক্ বাং গিতিঃই আ |
| আমি শয়ন করিব না | ইঞদ্ বাং গিতিঃই আঞ্ |
| শয়ন করিয়া আর কি হইবে | গিতিঃইকাতে চেৎইঞ্ চেকাএ আ |
| ঘুমাইলাম | গিতিঃই কানাঞ্ |
| বিছানা কর | আটেদ্ মে |
| রাত্র অধিক হইয়াছে, দশটা বাজে | আড়ি ঞিন্দা এনা, দশ বাজা হোয়া এনা |
| বেলা হইয়াছে | (i) বের্ হোয় এনা |
| | (ii) বের্ হোয় আকানা |
| উঠ | বেরেৎ মে |
| শুইয়া থাক | গিতিঃই কাঃমে |
| বড়ই মশা | আড়ি শিকৃড়ীঃই্ |
| মশারী টানাও | মশারী টানাও কাঃমে |
| মশায় কামড়াইয়াছে | শিকৃড়ীঃই্ গের্ আকাদিঞা |
| সে ঘুমাইতেছে | জাপিৎকানাএ |
| তোমরা ঘুমাইওনা | আলুপে জাপিদা |
| দু-প্রহরের সময় আমরা শুইয়াছিলাম | তিক্নি্ জখেঃই্ লে গিতিঃই্ এনা |

## Lesson 19.

| বাংলা | সাঁওতালী |
|---|---|
| বাহ্যে লাগিয়াছে | টাস্তিতে ও সোর্ আকাদিএা |
| বাহ্যে যাই | চালাঃকানাঞ্ টাস্তিতে |
| প্রস্রাব করিতে যাই | রাচাতে চালাঃ কানাঞ্ |
| খোকা বাহ্যে করিবে | গিদ্‌রা ইঃই্ জাএ |
| খোকা বাহ্যে করিয়াছে | গিদ্‌রা ইঃই্ কেদাএ |
| ধুইয়া দেও | আরুপ কাএমে |
| বাড়ী ভরিয়া বাহ্যে প্রস্রাব করা অন্যায় | ওড়াঃ কোরে দাহাৎ, রাচাদ হিরখা গিআ |
| সরকারী আইনে উহা নাই | সরকারী আইন্‌রে ওনা বাড়ীঃ কামি রেআ মানা মেনাঃ আ |
| উহাতে শাস্তি হয় | ওন্‌কা লেকান্ দাণ্ডম্ হোয়োতা পেআ |
| তোদের আইন—আইন নয় | আপেআঃ আইন্‌দ আইন্ বাংকানা |
| সরকারী আইনই আইন | সরকারী আইনগি আইন কানা |
| বাহ্যে প্রস্রাব দুইটি না করিয়া শুধু প্রস্রাব কর | দাহাৎদ আল্‌পে দাহাৎ দঃ আ, খালি রাচা তেপে, বা ইঃইদ আল্‌পে ইজা, একেন্ আড়ো আঃপে |

## Lesson 20

কেন আসিয়াছে ?—বস-চেদা হেঃই একানাম্ হো ? তুড়ুপ্ মে।
ওহে শুন—এহো আজম্ লেম্
কি বলিতেছে—চেৎ এম্ মেন এদা ( বা মেনেদা ) ?
তোমার বাড়ী কোথায়—আমাঃ ওড়াঃদ ওকারে ?
আমার বাড়ী গৌরীপুর—ইঞাঃ ওড়াঃ গৌরীপুর রে !
আপনি কোথার ?—আম্‌দ ওকারেণ্ কানাম্ ?
আমি গৌরীপুরের—ইঞ্‌দ গৌরীপুররেণ্ কানাঞ্।
তোমরা কোথায় যাইতেছ ?—ওকাতে বেন চালাঃকানা ?
বংশী হারী চিন ?—বংশী হারী চিন্‌হাও আকাৎগিয়া ?
হাগো মা ! তোমার বাড়ী কোথায়, নাম কি ?—
হেন্দা মাই ! ওকারেন কানাম্ আর চেলে আমা ?
আমার বাড়ী এই গ্রামে, নাম সুষমা—নিআ আতরেণ্ গি, আর সুষমাঞ্ আ
কোথায় গিয়াছিলে ?—ওকাতেম্ চালাও লেনা ?
থানায় গিয়াছিলাম—থানারে চালাও লেনাঞ্
কোথা হইতে আসিয়াছ ?—ওকা খনেম্ হিজুঃকানা
তুমি কোথাকার মোড়োল ?—আম্‌দ ওকারেণ্ হেরেল্ ( বা বাবা হড়্ কানাম্ ) ?
আজ্ঞে আপনার নাম ?—চেলে আমা বাবু ?
তোমরা কোথায় আছ ?—আপেদ ওকারে হেনা পে আ ?

| বাংলা | সাঁওতালী |
|---|---|
| ভাল আছ ?—(!) | বগে বাড়াগি আম্ ? |
| (!!) | বগেগি আম্ ? |
| ভাল আছি, তুমি কেমন আছ ? | বগেগি আঞ্, আম্দ চেৎ লেকা |

## Lesson 21

| | |
|---|---|
| নদীতে কত জল আছে ? | তিনাঃ দাঃ নোআ গাডারে রেদো মেনাঃ আ ? |
| গাড়ীটা পার কোরে দে | গাড়ী পারম্ কাতিঞ্মে। |
| উচু কোরে, যেন জল না লাগে | কুটুংমে যেমন দাঃরে আলম্ লহৎ অচএআ। |
| গাড়ীটা ধর, হাওয়া ভরাই | সাব্ হাতাড়্মে গাড়ী, হোঞ্ঞ্ ভরাও আ বা পেরেঞ্জাঞ্ |
| গাড়ীটা এখানে থাকিল | নোণ্ডে গাড়ী দোহোকা কানাই। |
| আমি এখনই ফিরিব | নিত্গি রুআড় কানাঞ্ |
| গাড়ীতে হাত দিওনা | গাড়ী আলম্ জোটেদা। |
| বাজাইওনা | আলপে রুআ বা সাডেআ |
| নষ্ট হইবে | বাড়ীজঃ আ। |

| বাংলা | সাঁওতালী |
|---|---|

## Lesson 22

| | |
|---|---|
| মাছ ধরিতেছিস্ ? | হাকোকো সাসাপ্ কামাম্ ? |
| মাছ পাইয়াছিস্ ? | হাকোম্ এ্যাম্ লেৎকোআ ? |
| বেচ্‌বি ? | আকিরিঞ্‌ এ্যাম্ ? |
| কি মাছ আছে ? | চেলে হাকো মেনাঃ কোআ ¶ |
| চিংড়ী মাছ আছে ( ছোট ) | ইচেহাকো মেনাঃ কোআ। |
| ভালমাছ নাই, ওগুলা আপনারা খান না | ভাগে হাকো বান্বুঃ কোআ, নকুদ আলম্ জম্ কোআ। |
| নদীতে মাছ ধরিতেছে | গাডারে হাকোকো সাসাপ্ কানা। |
| মাছের মূল্য কত ? | হাকো তিনাঃ এম্ দামে আ ? |
| এই মাছটার মূল্য কত (!) | নুই হাকো রে আঃ তিনাঃ এম্ দামে আ ?* (!!) নুই হাকোদ তিনাঃ এম্ দামে আ ? + |
| উচিৎ বা লেহ্য মূল্য কত | খাটি বা নিরিক্ দামা তিনাঃআ ? |
| দুই পয়সায় দিবে ? | বার্ পয়সা তেম্ এমোঃ আ ? |

## Lesson 23

| | |
|---|---|
| বসিবার আন | (!) দুডুপ্‌আঃ আগুই্ মে। |
| | (!!) পারকম্ আগুই্ মে। |

¶ দেখা যায় না অর্থে এখানে "মেনাঃ কো আ" হইয়াছে। * বহুর মধ্যে একটি। + মাত্র একটি আছে।

| বাংলা | সাঁওতালী |
|---|---|
| ছায়াতে বস— | উমূল রে দুড়ুপ্ মে। |
| ওহে মোলাএন তোর মোড়োল কোথায় ? | হেন্দা আয়ো জুরি : বাবা ওকা এনা এ ? |
| কে জানে | অকএ বাডাএ চঙ্ |
| কি জানি ? কোথায় গেল | অকএ বাড়াএ বাং বাড়াএ আ |
| জানিনা | বাঞ্ বাড়াএ আ |
| ডাক | দেলা হিজুঃমে বা হহ আগুইএম্। |
| মোড়োলকে ডাক | হেরেল হহ আগুইমে। |
| সকলেই এস | যত কোগি হিজু : পে। |
| এইদিকদিয়ে এস | নোকাতে হিজু : পে। |
| কুটুম লোক আসিয়াছে | পেড়াহড়্ হেঃই্ আকানাএ |
| ঐদিকে চলিয়া গিয়াছে | হাস্তে চালাও এনাএ। |
| টুইলা কোথায় ? | টুইলা ওকারে ? |
| বাসায় নাই | ওড়াঃরে বানুঃগিআ |
| বাড়ীতে আছে | ওড়াঃরে মেনাএআ। |
| কোথায় গিয়াছিলে ? | ওকাতেম্ দুকানা বা ওকাতে কো ( দুকানা। ) |
| গাঁই খুঁজিতে | গাই এনাম্। |
| বলিতে পারি না | বাঞ্ মেন্ দাড়ে আঃ আ। |
| তোমরা কোথাকার ? | (i) ওকারেণকানা বেন্ ( দ্বিবচনে )<br>(ii) ওকারেণ কানা পে ( বহু ) |
| আমরা পাথর ঘাটার | (i) আলিং পাথর ঘাটারেণ ( ২ বচন )<br>(ii) আলে পাথর ঘাটারেণ ( বহু ) |

বাংলা সাঁওতালী

কোথায় আছে—ওকায়ে মেনাঃ আ ( মেনা এ আ )

সে পালাইয়াছে—উনি দাড় কেদাএ।

একাই আসিও—এস্কার গি হিজুঃমে।

আমাকে চিন—ইঞ্ বাডাএ গি আম্?

রোজ ২ এখানে আসিব না—দিনাম্ হিলোঃ নোণ্ডে বাঞ্ হিজুঃ আ

আমি যেখানে আছি সেখানেই থাকিব—ইঞ্‌দ ওকারে মেনাঞা, এস্তেগিঞ্ তাহে না

## Lesson 24.

চারু তোমার কে—চারু আম্‌রেণ অকএ হোয়াঃ আ?

দেখে আয়তো অশ্বিনী আর ক্ষীরোদ বাড়ীতে আছে কিনা—এেল্ আগুই এম্ সে অশ্বিনী আরহঁ ক্ষীরোদ ওড়াঃরে মেনাএআ সে বাং।

দীনবন্ধুকে সংবাদ দিও, সেও যেন বাড়ীতে থাকে—দীনবন্ধু হঁ বাডাএ অচএ এম্ উনিহঁ যেমন্ ওড়াঃরেগি এ তাহেন্।

বাড়ীতে না থাকিলে কিছুই হইবে না—ওড়াঃরে বাএ তাহেন্ খান্ চেৎহঁ বাং হোয়াঃআ।

আগামী সোমবার ঠিক ১০ ঘটীকার সময়ে তোমাদের ওখানে যাইব—, হিজুঃ সোম্‌রে ঠিক্ দশ বাজা ওকতে আপে ঠেন্ ইঞ্ চালাঃআ।

বাংলা সাঁওতালী

## Lesson 25

কাল সকালে আদিনায় যাইব—গাপাসেতাঃরে আদিনারে চালাঃ আঞ্

আদিনা আর কত দূর—আদিনা তিনাঃ ঝেল্‌রে মেনাঃ আ বা হেনাঃ আ ?

কোন পথে যাইব—ওকাহর্ তেঞ্ চালাঃ আ ?

অনেক দূর—আড়ি সাঙ্গিঞ্

সামান্য দূর, ঐ দেখা যায়—সরগি আ, হানে ঞেলো কানা ?

এই পথে যাও—নো আ হর্ তে চালাঃ মে।

পথ দেখাইয়া দেও—হর্ উডুঃ আ ঞ মে।

## Lesson 26.

আমি সাঁওতালী শিখিব—ইঞ্ সাঁওতালিঞ্ চেদা। †

আমাকে সাঁওতালী শিখাইবে ?—আম্ ইঞ্ হড়্ রড়্ চেৎ আঞাম্ ?

তোর সঙ্গে আমি সাঁওতালীতে কথা বলিব—আম্ তুলুঁই্ ইঞ্ হড়্‌তে রড়া*

আমার সঙ্গে তুই সাঁওতালী কথা বলিবি ?—ইঞ্ তুলুঁই্ আম্ হড়্‌তে রড়া

আমি কিছু কিছু শিখিয়াছি—ইঞদ নাসে নাসে চেৎ আকা দাইঞ্ বা শেঁড়া আকা দাইঞ্

তুই আমাদের ভাষা শিখিয়াছিস ?—আম্ দ আলেরে আঃ ঠার্ ( বাঁ ভাকি ) শেঁড়া কেদাম্ ?

হাঁ কিছু কিছু শিখিয়াছি—(!) হেঁ নাসে নাসে শেঁড়া কেদাঞ্

(!!) হেঁ থোড়া থোড়া বাড়াএ গিআঞ্

---

† চেৎ + আ=চেদা। * রড় + আ=রড়া

বাংলা সাঁওতালী

আমার নিকট শিক্ষা করিও—ইঞ্ ঠেন্ চেৎ মে বা শেঁড়া এ মে।

আমরা কাল সাঁওতালী পড়িব—গাপাদ সাঁওতালী লে পাড়্ হাওঃ আ

## Lesson 27

দরজা ভেজাও—শিল্পিঞ্ শিঞ্ কাঃ মে।

খিল্ দেও—খিল্ লাগাও আমে।

দরজা খোল—শিল্পিঞ্ ঝিকাঃ মে।

ঘর বন্ধ কর—ওড়াঃদ শিঞ্ কাঃ মে।

## Lesson 28

জ্বরের ঔষধ লইতে আসিয়াছিস?—রু আ রে আঃ রান্ লাগিৎ এম্ হে আকানা?

কখন জ্বর হয়—তিরে রুআ এহবঃ মে আ?

জ্বর আসিবার সময় শীত করে—রুআ এহবঃ খেঃ ই্ রাবাং মে আ?

জ্বর ছাড়িবার সময় ঘাম হয়?—রুআ দুটাও খেঃ ই্ উদগার্ মে আ?

জিভ্ দেখাও—আলাং উদু আঞ্ মে।

দিনে দুইবার করিয়া খাইতে হইবে—দিন্‌রে বার্‌খাও জম্ অচএম্

জ্বর হইয়াছে (নিজের)—রু আ কানাঞ্

বাংলা সাঁওতালী

তোর জ্বর হইয়াছে ?—রু আ কানাম্ ?

কত দিন হইল ? —তিনাঃ দিন হোয়্ এনা ?

হাত দেখি—তিং তুহুম্ তামাঃ।

জ্বর হয় নাই—বাং রুআ কানাম্।

জ্বর হবে না—বাএ রুআ আ।

## Lesson 29

খড়ি ফাটাতে চল—সাহান্‌পাড়াঃ মা দেলাং।

খড়ি ফাটাতে পারিবি ?—সাহান্ এম্ পাড়াঃ দাড়ে আঃ আ ?

বেতন দিব, মাগনা নহে—কুড়াই এমামা, অমনেদ বাং।

খড়ি ফাটাইতে হইবে, ৩ জন লোক দরকার কল্য, সকালে পাঠাইয়া দিও—সাহান্ পাড়াগ্ হো য়োঃ আ, গাপা সেতারে পোনে আ হড়্ কোম্ কা কোঃ মে।

তোরা কত জন আসিয়াছিস ?—তিনাঃ হড়্ পে হেঃই্ আ কানা ?

## Lesson 30

তাড়াতাড়ি না আসিলে গালি দিব—উসেরাতে বাম্ হেঃই্ লেন্ খান্ রুহেং মে আলাং।

বাংলা সাঁওতালী

কান মলিয়া দিব—লুতুর লাং প্যাটের্ মে আ।

চড়াইয়া দিব—চেটামে আলাং।

ল্যাথি মারিব—লেবেৎ মেআলাং।

বেজায় ব্যাথা পাইয়াছি—আড়ি হাসো ইদিংকানা।

তুই গালি দিতেছিস—এগের কানাম্।

কথা বলিও না, চুপ কর—আলম্ রড়া, থিরকোম্ এ।

বেশী বিরক্ত করিলে মারিব—খুব এম্ আড়িস্‌লিংখান্ দাল্‌মে আঞ্।

## Lesson 31

সে কাপড় শুকাইতেছে—( উনিদ ) কিচ্ রীঃই্ রঃহড়্ কানাএ।

কাপড় শুকাইয়াছে ? --কিচ্ রীঃই্ রহড়্ এনা ?

এখনও শুকায় নাই—নিত্ হঁ আউড়ী রহড়া কানা বা নিত্ হঁ বাং রহড়া-
কানা।

ভাল করিয়া নিংড়াইয়া ন্যাড়িয়া দেও—বেশতে বড়ঃই্ কাতে তাসিকাঃ মে।

কাপড়ে কাদা লাগিয়াছে—কিচরীঃই রে লসদ্ লাটকাও আকানা।

## Lesson 32

তোর মোলাএনের নাম কি ?—আম্ বাহঁদ চেলে আএ আ ? বা আম্
বাহঁ ক্রুতুম্ দ চেলে আএ আ ?

বাংলা সাঁওতালী

উহার নাম আমরা বলি না—উনি আঃ ঞুতুম্ দ বাঞ্ ঞুমা।

আর এক জনে বল—মা আর মিন্ হড়্ লাই আএ মে।

তোমার নাম তুমি বল—আমা ঞুতুম্ আম্‌তে লাই তাম্।

তোরা কোথার মোলাএন ( ছুড়ী )—আপেদ ও কারেণ্ আয়ো ( কুড়ী ) কানাপে।

তুই কোথার মোলাএন ?—ও কারেণ্ আয়ো কানাম্ ?

তোরা ত খুব রসিক—আপেদ আড়ি তেৎপে লান্দাএদা।

গৌরীপুরের ছুড়ী—গৌরীপুর রেণ্ কুড়ী কানাঞ্।

ছুড়ী লইবে ?—আম কুড়ীম্ হাতাও কোঃ আ।

হাঁ আমি একটি ছুড়ী বিবাহ করিব—হেঁ ইঞ্ মিৎটেন্ বাহু জং আঞ্।

এই ছুড়ীটা আমার খুব পছন্দ হইয়াছে—ছুই কুড়ীরে খুব কুসিএ কানাঞ্।

## Lesson 33

ওহে মোলাএন, কি করিতেছিস—হে ন্দা আয়ো, চেৎ এম্ চেকাএৎ কানা

তাহা বলিব না—বাঞ্ রড়া

মুড়ী ভাজিতেছি—থাঙ্গাড়ি আতা এৎ কানা

ধান সিদ্ধ করিতেছি—হড়ো তিকিএর্ কানা

বাংলা সাঁওতালী

কাহার বাড়ী হইতে কাড়ী আনিয়াছিস্—অকএ ওড়াঃ খন্ কাড়ীম্ আগু কেদা ?

কিনিয়া আনিয়াছি—কিরিঞ্ আগু কেদাঞ্

তুই বাঁশী বাজাতে জানিস—আম্‌দ তিরিও অরং এম্ বাডা এ আ

বাজাতো দেখি—মাসে অরং মে

তুই মান্দল বাজাতে জানিস—আম্‌দ তুম্‌দা রু বাডাএ আ

জুতার মধ্যে জল ঢুকিয়াছে—পানাহিরে দাঃ বল এনা

জুতা ভিজিয়া গেল—পানাহি লহৎ এনা

খইনি আছে—থামাকুর ( খইনি ) মেনাঃ তা মা

হাঁ আছে।—হেঁ মেনাঃ তি এা

উট্ দেখিয়াছিস্—উঁট্ এম্ ঞেল্ লেদে আ

ঐ দেখ উট্—হানি ঞেলেমে উট্।

বাপের বাড়ী যাইবা বাবা তাকো ঠেন্ চালাঃ আ আম্

হাঁ যাইব—হেঁ চালাঃ আ বা চালাঃ আঞ্

না যাইব না—বাঞ্ চালাঃ আ

তুমি আমাকে ভাল বাস ?—আম্ ইঞ্ এম্ দুলাড়্ ইদিংকানা ?

হাঁ বাসী—হেঁঞ্ ইঞ্ দুলাড়্ এৎ মে আ

প্রেমে মাখিও—দুলাড়্‌তে লোহে কিন্‌মে।

## Lesson 34.

তোমাদের গ্রামের চৌকিদারকে—আপে আতরেণ্ চৌকিদার অকএ কানাএ

চৌকিদারের এই বাড়ী—চৌকিদারাঃ নোআ ওড়াঃ কান্তাএ আ ( বা কানা )

বাংলা সাঁওতালী

বাড়ীতে আছে—ওড়াঃ রে মেনা এ আ

বলিও যে থানার...বাবু আসিয়াছে—মেতাএমে বা লাই আএমে থানারেন্ ...বাবু হেঃই আকানাএ

কল্য সকালে বাড়ীতে থাকিও সকলকেই টিকা লইতে হইবে—যত কোগে গাপা সেতাঃ ওড়াঃরে তাহেন্ পে টিকা হাতাও পে

টিকা দেও—টিকাইএম্ বা টিকাঃ এম্

দিতে তো চাহিতেছি—এমাম্ গেলে মেনেৎকানা

আমরা টিকা লইব না—আবোদ বাং টিকে আ বা বাগে টিকে আ

ঘরে ঘরে ডাক—ওড়াঃ ওড়াঃ হহ আগুকুম্।

তোর ছেলের টিকা হইয়াছে—আম্‌রেন্ গিদ্‌রা টিকা আকানাএ ?

ছোট ছেলে, টিকা হবে না হুডিঞ্‌ গি আএ বাংটিকাঃ আ

ছোট থাকিতে টিকা লইলে ভাল হয়—হুডিংরে টিকা অচলেকো খান্ বেশ গি আ বা বাগে গিয়া।

সব ছেলের টিকা দেও—যত বা সানাম্ গিদ্‌রা টিকা অচকোপে।

ছোট বড় সকলকেই টিকা লইতে হয়—যত হড়্ গিদ্‌রা পিদ্‌রা টিকা কোপে

টিকা লইলে বসন্ত হয় না—টিকা লেন্‌খান্ বসন্ত বাং হোয়োঃ আ

টিকা না লইলে পঞ্চাশ টাকা জরিমানা হইবে—বাংটিকা অচলেকো খান্ দ বার্ ইসি গেল্ টাকা ডাণ্ডম্ মে আ *

শীঘ্র এস—হাকোপাকো হিজুঃপে

সকলে লাইন্ দিয়া বস, আমি অল্পক্ষণে টিকা দিয়া দিব—যত কোগে পান্তিতে ডুপ্‌পে, ইঞ্‌ মিৎমুচেৎক্ষণ টিকা পেআঞ্‌

* বহু বচনে "পে আ"। এখানে এক বচন দেওয়া হইল।

বাংলা সাঁওতালী

আর কোন দিন টিকা লইয়াছে—আর যাহাতিস্ টিকা লেনাম্

হাঁ লইয়াছি—হেঁ হাতাও আকাদেঞ্

ওখানে হাত দিও না—( টীকাদেওয়া স্থানে ) ওণ্ডেদ আলম্ জোটে দা

সামনে এস—নোণ্ডে হিজুঃমে সামাংরে

যদি টিক্া বেশী ফুলে বা ফাটিয়া যায় তবে গরম জলে সেকা দিও।

যদি টিকা খুব ফুলাও সে ওড়েৎলেন্ খান, লো লো দাঃতে সেঃকাওএপে ( ১ বচনে সেকাও এম্ )

দিনে দুই তিন বার করিয়া গরম জলে ধুইবে—দিন্‌রে কার্ পে দম্ লোলো দাঃতে আরুব্ মে

ধারে ধারে বা চারি পার্শ্বে খড়ি মাটি লাগাও—আড়ে আড়েতে খড়ি মাটি হাসা লাগাও।

টিকা ফাটাইয়া দিও না, বাহু ফুলিবে—টিকা আলম্ অড়েজ তাএআ, সোপো মোঃ আ।

৭ দিন পরে দেখিতে আসিব—এয়াএ দিন তায়ম্ এেল্ হিজুঃ আঞ্

কতজন্ ছেলের টিকা হইয়াছে ?—কএকো গিদ্‌রা টিকেআ আকাৎ কোআ ?

যে সকল ছেলের টিকা হইয়াছে তাহাদিগকে আন, দেখিব—অকএকো গিদ্‌রা টিকে আ আকাৎকো আ আণ্ড কোপে

কয়টা টিকা উঠিয়াছে—তিনাঃ টিকা আঙ্কুর আকানা

এটা কাহার ছেলে—অকএরেণ্ গিদ্‌রা কানাএ।

টুইলার ছেলে—টুইলারেণ্ গিদ্‌রা কানা।

তোমার নাম কি—আমা ঞুতুমদ চেলে আমা ( বা চেৎকানা )

বাংলা সাঁওতালী

তোমার কয়টি ছেলে—আমরেণ্ গিদ্‌রা তিনাঃ আকো।

দুইটী—বারে আ আকিন্।

আর ছেলে পেলে আছে—আর গিদ্‌রা মেনাএআ

তোমাদের আর ছেলে পেলে আছে—আর গিদ্‌রা মেনাঃ কোতামা

ছেলের নাম কি—গিদ্‌রা ঞুতুম্‌দ চেলে আ এ আ

অন্য কোন নাম আছে কি—আর ইঁ এটা ঞুতুম্ মেনাৎ আএ আ

এই চেংড়ার॥ বাপের নাম কি—হুই গিদ্‌রা রেণ্ আপাতেৎ ঞুতুম্‌দ চেলে আ এ আ

ঐ হাতটা দেখি—হানাতি ইঞ্ ঞেলা

আঃ মোলাএন, মারিও না মারিও না—আলম দালে আ আয়ো!

ছোট ছেলে, বুঝে না—কাটিঃই গিদ্‌রা বাএ বুঝাও আকাদাএ।

রাগ করিলে কি কাজ হয়—এদ্‌রেতে চেৎ কামি ইঁ বাং হো য়ো আ

কথাগুলি বুঝিতে হয়—কথাদ বুঝাও মে

কোন (কাহার) বাড়ীতে বসন্ত হইয়াছে ও কা (বা অকত্র) ওড়াঃরে বসন্ত হোয় আকানা

ঐ বাড়ীতে—হানে হানা ওড়াঃ রে

কয়টা লোকের হইয়াছে—তিনাঃ হড়্‌রে হোয় আকানা

তিন জনের—পে হড়্‌রে

কয় জন মরিয়াছে—তিনাঃ হড়্‌কো গোঃই্ এনা এ

॥ সাঁওতালেরা ছেলেপেলেকে 'চেংড়া' বলে।

বাংলা সাঁওতালী

কতদিন বসন্ত হইয়াছে?—তিনাঃদিনরে ( বা ওকাহিলোঃরে ) বসন্ত হোম্ আকানা?

বসন্ত রোগী ভাল হইয়াছে? বসন্ত-হড় রুআ্ বেশ এনাএ?

উহাকে সঙ্গে করিয়া আস, রোগী দেখিয়া সব বলিয়া দিব—উনিদ সঙ্গেতে আগুদারা এম্, উনি রুআ্ইঃই্ এেল্ কাতেঞ্ লাই আমাঞ্।

মশারীর মধ্যে থাকিবে—মশারীর ভিতিরিরে তাহেন্ মে ( বা তাহেন হইতামা )।

পুকুরে কাপড় কাচিও না—পুকুরিরে কিচ্রীঃই্ আলম্ সবদা।

এই জলে কাপড় কাচিও না—নোআ দাঃরে কিচ্রীঃই্দ আলম্ সাফাএআ।

জল তুলিয়া দূরে কাপড় কাচিবে—দাঃ লোকাতে ইঙ্গিমে ফারাকরে সব্দমে।

এই পুকুরের জলে স্নান করিও না—নোআ পুকুরি দাঃরে আলম্উমো আ।

## Lesson—35.

কল্য সন্ধ্যায় দৌলতপুর বায়স্কোপ তামাসা হইবে দেখিতে যাইও, পয়সা লাগিবেনা—গাপা আয়ুপ্ জখেঃই্ দৌলৎপুররে বায়স্কোপ্ তামাসা

বাংলা সাঁওতালী

হোয়োঃআ, যত হড়ঃবোন্ চালাঃ আ, আর বোন্ এেলা, পয়সাদ বাং লাগাও আ।

দুই জনে দুই ধারে খুব জোরে টানিয়া ধর ( কাপড়ের ) ঘোঁচ্ সারিয়া যাউক্ আর দুই জন খুটির গোড়া ভাল করিয়া গাদ—বার্‌হড়্ বানার সে খুব কাজাক্‌তে অরবেন্, আর ওকাকরে সামটাও ওকানা, ভনাকো পাসনাও বেন।

ঐ লোকটার খুব বসন্ত হইয়াছে—উনি হড়্‌রে খুবে বসন্ত হোয়আকানা।

চারিদানা টিকালইলে বসন্ত হয় না—পোন্‌ঠেন্‌টিকা লেন্‌খান্ বসন্ত বাং হোয়োঃ আ।

ঐ দেখ ৩ দানা টিকা লইয়াছিল মাত্র তাই তাহার মুখে বসন্ত হইয়াছে—হানি এেলেপে পেআ টিকা লেনাই আদোমেৎ মোচারে থোড়া গান্ বসন্ত হোয় আকা দেআ।

ঐ লোকটার বসন্ত হইয়াছিল, যদিও সে বাঁচিয়া আছে কিন্তু অন্ধ হইয়া গিয়াছে—হানি হড়্ বসন্ত এাম্ লেদেআ মেৎকিন্ বাড়ীঃই্ এন্তাএআ বাএ এেল্ এাম্ এৎকানা।

কি কষ্ট—আডি হার খেৎ শশেৎ।

বংশীহারী থানার এলাকায় ১০ জন বসন্তের অন্ধ আছে—বংশীহারী থানা এলাকাএ গেল্ গটেঃ বসন্ত কাঁড়াহড়্ মেনাঃকো আ।

মাএর বসন্ত হইয়াছে, চেংড়া কোলে বসিয়া দুধ খাইতেছে, উহার বসন্ত হয় নাই কারণ সে ৪ দানা টিকা লইয়াছে। বাম হাতে ২ দানা, ডান হাতে ২ দানা—এঙ্গাতেৎ বসন্ত হোয় আকা দেআ, খিদরা হোবোর্ আকাদিআএ এঙ্গাৎ দুদু ওয়াএ কানাএ, বসন্ত বাং হোয় আএ কানা

| বাংলা | সাঁওতালী |
|---|---|

পোনেআ টিকা হাতাও আকাদাএ, লেন্দাতিরে বারেআ আর জজম্‌তিরে বারেআ।

মেয়ে সেবা শুশ্রূষা করিতেছে, তার বসন্ত হইতেছে না কারণ সে টিকা লইয়াছে—হপন্‌এরা যতন এদেআএ, বসন্ত বাং হোএআএ কানা, চেদাঃজে টিকা ওকানাএ।

বসন্তের আগের ও পরের চেহারার তফাৎ দেখ—দুইগিদ্‌রা এেলেপে বসন্ত বাং হোয় আদেকান্ তাহেকান্ রেআং মুঠান্, আর বসন্ত হোয় আকাদে রেআঃ মুঠান্।

ঐ দেখ টিকাদারে দুই মাসের চেংড়ারও টীকা দিতেছে—হানি এেলেপে টিকাবাবু বার্ চন্দোরেণ্ গিদ্‌রাই টিকা কেদেআএ।

বৎসর বৎসর টিকা লইতে হয়—নেছো টিকা হাতাও হোয়োঃআ আর কালম্‌হঁ টিকা হাতাও হোয়োঃআ।

ঐ দেখ পাক্ ঘরের নিকটেই পায়খানা, ওখানে মাছি জন্মে, সেই মাছি উড়িয়া আসিয়া ভাতে পড়ে এবং বোকা লোকে ঐ ভাত খায় ও নানা প্রকার রোগে আক্রান্ত হইয়া মৃত্যু মুখে পতিত হয়—হানি এেলপে দাকাএওড়াঃ সোরেগি হঃই্‌জং ওড়াঃ, ওণ্ডেগি রকোদকো জানামঃ কানা।

আর লেল্‌হা হড়্‌দ ওনা দাকা লেকো জজম্ কানা, আর নোন্‌কাতেগি হড়্‌দ আড়ি লেকা রোগতেকো গুজুঃকানা।

এই ছুড়ীকে* টিকাদারে বলিল তুমি টিকা দেও, ছুড়ী বলল—'না', সে মনে করিল "আমার এমন সুন্দর চেহারা আবার হাতের চারিস্থানে ঘাও করিব।" টিকাদার ঘুরিয়া গেল। কিছুদিন পর তাহার সমস্ত

---

* সাঁওতালেরা মেয়েদিগকে 'ছুড়ী' বলে।

সাঁওতালী

শরীরে বসন্ত বাহির হইল। চারিস্থানে ঘাও সহিল না আর আজ সর্ব্ব গাত্রে ঘাও—হুই কুড়ী টিকাদারে মেতা দেআ, আম্‌টিকাঃমে, উনি কুড়ী এ মেন্‌ কেদা বাঞ টিকাআঃউনি কুড়ি বাড়ি হুদিশ্‌ কেদাএ যে "ইঞ্‌দ হুনাঃ মঞজ কুড়ী কানাঞ্‌ আর নোআ বানাবৃতিয়ে বায়েআ কাতে পোনেআ ইঞ্‌ ঘাও ওচোআঃ বাং ইঞ্‌ টিকা আ"

চালাও এনাএ। নোআ কাথা আঞ্‌জম্‌ কাতে টিকাদারে রুআড় বার্‌ পেদিন তায়ম্‌তে উনি কুড়ী গোটা হড়্‌মো বাগিতে বসন্ত হোয়আদেআ। এঞলেপে হুইকুড়ী লেল্‌হাতেৎ পোনেআঘাও বাএ সাহাওলেদা তায়ম্‌তে গোটা হড়্‌মো ঘাওতে পেরেঃই্‌ এন্‌তাএআ।

শুধুটিকা লইলেই বসন্ত থামে না, টিকা লইয়া উহা মুছিতে, ধুইতে হয়না—খালিটিকা হাতাও লেন্‌খান্‌ বসন্ত বাং রোকাওআ, টিকাকাতে জজবাং হোয়োঃআ, আরুপ্‌ বাং হোয়োঃআ।

রোগী দেখিব—রোগী ( বা রুআহড়্‌ ) ইঞ্‌ এঞলে আ।

অগ্রে ঘাও হইয়াছে না জ্বর হইয়াছে?—লাহারেম্‌ ঘাও আকানা সেম্‌ রুআ কানা?

এ রোগীটা ভাল হইবে বলিয়া মনে হয় না। হুই রোগী বেশঃ দ বাএ এঞলোঃ কানা।

কল্য সকালে একটা শিশি লইয়া ডাক্তার খানায় যাইও—গাপা সেতাঃ রে ডাগ্‌তর্‌ খানারে চালাঃ মে, সঙ্গেতে মিৎ টেন্‌ শিশি ইদিতরা এমে।

# Lesson 36.

| বাংলা | সাঁওতালী |
| --- | --- |
| নৌকা তীরে টানিয়া ধর। | লাউকা অরকাতে সাপ্ কাঃ মে |
| কেন উঁকি দেও ? | চেদাঃ উনিম্ দালে কানা ? |
| ওটা কি ফুল ? | ওনাদ চেৎ বাহা ? |
| একটা গান কর। | মিৎ টেন্ সেরিংমে হো। |
| কাপড় সারিয়া বস। | কিচ্রীঃই্ সাম্‌টাওকাতে হুড়ুপ্‌মে। |
| আমার সঙ্গে চল। | ইঞ্ সঙ্গেতে দেলাং |
| নানা ভয় নাই। | বাং বাং আলম্ বতর্ আ ( বা বরা ) |
| ফাগুয়া হইতেছে। | বাহা কানালে। |
| ভাল করিয়া নাচ। | বেশ্ নাপাএতে এনেঃই্ পে। |
| শুষ্ক কাপড় আন। | রহড়্ কিচ্রীঃই্ আগুইমে। |
| খুব রৌদ্র হইতেছে। | আড়ি সেতঙ কানা। |
| জনে জনে দেও। | হড় হড় এমা কোপে। |
| আজ বৃষ্টি হইবে। | তেহেঞ দএ দাগা |
| বই হারাইও না। | পুথি আলম্ আদা। |
| ঘর তৈয়ারী কর। | ওড়াঃ বেনাও মে। |
| ঈশ্বর সর্ব্ব ব্যাপী। | ঈশর সানাম্ ঠাওরেগি মেনাএআ |
| লাটীম্ ঘুরিতেছে। | লাটীম্ আচুর কানা |
| হে প্রভু দয়া কর ! | এে প্রাভু দায়াও আলেমে। |
| হে আমাদের বাবা ! | এ আলেরেণ্ বাবা ! |
| বাহিরে খুব শীত। | বাহ্‌রে সেঃই্‌দ আড়ি রাবাং কানা। |

| বাংলা | সাঁওতালী |
|---|---|
| পিছন দিকে চড়। | তায়ম্ সেঃই দেজোঃ মে। |
| দুই পাটী দাঁত। | থার্ থার্ ডাটা। |
| ভয়ে গাছে উঠিল। | বতর্‌তে দারেরেয়ে দেঃই এনা। |
| পা ধুইয়া আস। | জাঙ্গা আবুঃ হিজুঃ মে। |
| বহু ভুল আছে। | আড়ি উতার্ ভুল মেনাঃ আ। |
| তিন চারি দিন। | পে পোন্ মাহা। |
| এক মনে কাজ কর। | মিৎ মন্‌তে কামিমে। |
| বিশেষ করিয়া বলিও। | কাজি আউ কাতে লাইমে। |
| কল্য রওয়ানা হইব। | গাপা ইঞ্ ওডো কোঃআ |
| মুখে লইয়া কুলিকর। | কোপেৎ কাতে গাড়্ গাড়াওমে। |
| গোবর ফেলিয়া দেও। | গুরিঃই গিডি মে। |
| ছেলে উহারই বটে। | গিদ্‌রা দএ উনিরেণ্ কান্ গিআ। |
| তুমি খুব ভাল ছেলে। | আম্‌দ আড়িবেশ্ গিদ্‌রা কানাম্। |
| এটা তো সামান্য কথা। | নো আ মা ইডিঞ্ কাথা কান্। |
| পলাও পলাও, মারিবে। | এআ দাড়্‌মে্ দাড়্‌মে দাল্‌মে আএ। |
| প্রস্তুত করিয়াছে। | টাহারাও আকাদা ( বা বেনাও কেদা।) |
| কি করিতেছে? | চেৎ এম্ এমাএ কানা ( বা চেক্কা এদা ) ? |
| সূর্য অস্তে গেল। | বের্ হাসুরে নাই এ। |
| বাস করিতে ছিল। | তাহেন্ কান্ তাহে কানা। |
| ওখানে কে আছে। | অকএ মেনাএ আ ওতেদ |
| বড় লোক আসিয়াছে। | মারাং হড়্ হেঃই্ আকানাএ। |
| ভাড়ে লবণ আছে। | চুকারে বুলুং মেনাঃ আ। |

| বাংলা | সাঁওতালী |
|---|---|
| নৌকা ঘাটে আন। | লাউকা ঘাট্‌রে আগুই্‌মে। |
| জুতা কিনিয়া দেও। | পানাহি কিরিঞ্‌ আইমে। |
| না—না—হালকা। | বাং—বাং—রাওয়াল্‌ গিআ। |
| ভক্তি, শ্রদ্ধালও। | এআ ডবো, জোহার্‌ আতাংজংমে। |
| কাহার কুকুর ? | অকএ রেণ্‌ সেতা কানাএ। |
| আফিসে যাই, কাজ আছে | আফিস্‌ তেঞ্‌ চালাঃ কানা কামি মেনাঃতিঞা |
| দেয়াশালাই দেও, বিড়ী খাইব। | দেয়াশালাই দেন্‌ আগুইমে, বিড়ী ঞু্‌ই লাগিৎ। |
| বেজায় পিপাসা লাগিয়াছে। | আডি আটুতে দাঃ তেতাং এদে আ (বা ইদিং কানা) |
| তাড়াতাড়ি বাড়ী যাইতে হইবে। | হাকো পাকো ওড়াঃ তেঞ্‌ চালাঃ আঞ্‌। |
| আমি বেড়াইতে যাইতেছি। | ইঞ্‌ দাড়া বাড়াএ চালাঃ কানাঞ্‌ |
| বেলা হইলে আসিও। | বের্‌ রে হিজুঃ মে |
| নাক দিয়া রক্ত পড়িতেছে। | মুখন্‌ মায়াম্‌ জরঃ কানা। |
| পথে বড়ই কাদা হইয়াছে। | হর্‌রে বেজাএ লসদ্‌ আকানা। |
| কে মারিয়া ফেলিয়াছে ? | অকএ গোঃই্‌ আকা দে আ ? |
| তোমার বিবাহ হইয়াছে ? | আমাঃ বাপ্‌লা হোয় আকানা ? |
| আমি তাহাকে বলিয়া দিব। | ইঞ্‌ উনিঞ্‌ লাইআএ আ |
| তুমি কখন আসিয়াছ ? | তিন্‌রেম্‌ হেঃই্‌ আকানাম্‌ |
| আমি এখন আসিয়াছি। | নিৎ গিঞ্‌ হেঃই্‌ আকানা (বা হিজুঃ কানা) |
| আমি অনেকক্ষণ আসিয়াছি। | এনান্‌ রে (বা আ ডিরে) হেঃই্‌ আকানাঞ্‌। |
| জুতা পরাইয়া দেও। | পানাহি হর্‌ঃ আইমে। |

| বাংলা | সাঁওতালী |
|---|---|
| গরীব লোক ঠকাইও না। | রেঙ্গেঃই্ হড়্ আলম্ এড়ে এ আ। |
| বাতি বাহিরে রাখ। | দিউহে বাহারেরে দহএমে ( বা দহ কাঃ মে ) |
| থানায় মটরগাড়ী আসিয়াছে। | থানারে মটর গাড়ী হেঃই আকানা। |
| তোমার বই তুমি নাও। | আমাঃ পুথি আম্তে হাতাও মে। |
| মফঃস্বলে দুইদিন থাকিব। | মফঃস্বল্রে বার্ দিন্ ইঞ্ তাহেন্ আ। |
| ঘর বারান্দা গোবর দেও। | ওড়াঃ আর পিণ্ডাকো গুরিঃই্মে। |
| এখন কোথায় লোক পাইব। | নিতদ ও কারে হড়্ ইঞ্ ঞাম্ কো আ |
| তুই গাছে চড়িতে পারিস ? | আমদ দারে দে দাড়ে আম্ ? |
| খোকা টাকা চাহে। | গিদ্রা টাকাএ খোজ্ কানা। |
| আমার সঙ্গে দেখা হয় নাই। | ইঞ তুলুঃই বা এ ঞেপেল্ লেনা। |
| কুটুমের নিকট চাও। | পেড়াকো ঠেন্ খোজ্মে। |

গাড়ী আসিয়াছে—গাড়ী হিজুঃ কানা।

বোতলের মধ্যে মধু আছে—বোতল্রে ঞেলে রাসা মেনাঃ আ

তোমরা কি প্রকার লোক্—আপে দপে ওকালে কানা বা আপেদ ওকালে কাণা পে।

কুটুম ডাকিতেছে, যাও—পেড়া হহ আম্ কানাএ চালাঃ মে।

মারামারি করিওনা—আল্পে দাপাল।

আমি চেষ্টা করিতেছি—ইঞ্ কুকমুটু এদাঞ্

ঐ দেখ চাঁদ উঠিয়াছে—হানি ঞেলেমে চান্দএ রাকাপ্ কানা

শরীরে কি মাখিয়াছ—হড়্ মোরে চেৎএম্ অজঃ আকাদা

পুরাতন বট গাছ তলে—মারে বাড়ে দারে বুটারে।

রাগ কভু ভাল নয়—এদ্রেদ তিস্রে হঁ বাং বেশ আ

| বাংলা | সাঁওতালী |
|---|---|
| একদিনে কত যাইবে | মিৎদিনতে তিনাঃএম্ চালাঃ আ |
| বিক্রয় করিয়াছে | আকৃরিঞ্ কেদাএ |
| গো-শালা ভাঙ্গিয়া গিয়াছে | গোড়া রাপুৎ এনা |
| কাজের দিন আলস্য করিও না | কামি দিন দ আল্‌পে কুড়হিঁ আঃ আ |
| আঁধার হ'ল চল যাই | মৃত্ এনা দেলা বো চালাঃ আ। |
| মন দিয়া চাষ করিবে | কুকমুটুতে সিতাবন্ মে |
| অগ্রাহ্য করিও না | আলম্ নেহাৎ কিনা |
| ঢালিবার সময়ে | হুহুল তুলুঃই্ |
| প্রচার বা প্রকাশ করিয়াছে | সদর্ আকাদা |
| ছুড়ীটা খুব বুদ্ধি রাখে | আড়ি বুদ্ধান্ ভাঙ্গুআ |
| তুমি সত্যই বলিতেছ | সারিগিম্ মে নেদা |
| দরকার সময়ে আসিও | জারুড়্ ঘথেঃই্ হিজুঃআ |
| যে কোন লোক আসিবে | যাহাঁএ হড়্ হিজুঃ আ |
| গোপনে আমাকে দেও | ওকো ওকোতে এমাঞ্ মে |
| এই জন্য ডাকিয়াছিলাম | নি আ লাগিৎ গিঞ্ হ হ আৎ মে আ |
| জল সেচে জমি রোপন কর | দাঃ আরেঃই্কাতে রহএমে |
| সে গুলা তাহার বাড়ী নয় | ওনাকোদ উনি আঃ ওড়াঃ দ বাং কানা |
| উনিই পৌছাইয়া দিবেন | উনিগি ইদি সেটের্ মে আ। |
| এক মনে কাজ করিও | মিৎ মন্‌তে কামি আম্ |
| পুকুর হইতে জল আন | পুকরী খন্ দাঃ লো* আগুইমে |

* পাত্র ডুবাইয়া তরল পদার্থ তোলা—লো

বাংলা সাঁওতালী

কলসী হইতে জল আন—কাণ্ডা খন্ দাঃ তাং * আগুইমে।

কোথায় রাখিয়াছিলে—ওকারে দহ আকাদাম্

আমি লইয়া ছিলাম—ইঞ হাতাও লেদা

সে টাকা দিতেছে—উনিদ টাকা এ মোঃ কানা এ

পরশ্ব টাকা দিয়াছি—মাহেন্দের রে টাকা এম্ আকাদাইঞ্

তুমি পাগল—এমদম্ কোংকা গি আ

খুব নেশা হইয়াছে—বে জাএ বুল্ আকানাএ।

এইবার ঠিক হইয়াছে—নোআ ধাওদ ঠিক্ হোয় আকানা

ফুল গাছে ফুল হইয়াছে—বাহা দারেরে বাহা আকানা।

তোমাকে দেখিয়া খুব খুসি হইলাম আম্ এঞেল্‌তে আড়িঞ্ কুসি এনা।

বড়ই কষ্ট বোধ হইতেছে—আড়ি কুচিংগি আই কাউঃকানা।

বিক্রয় না হইলে পচিয়া যাইবে—বাং আক্‌রিঞ্ লেন্ খানে সে আঃ আ

বিনোদের নিকট চাহ—বিনোদ ঠেন্ কোএমে।

দীন বন্ধুকে দিও—দীন বন্ধু এমাএমে

মেলা ভাল লাগে নাই—মেলা বেশতে বাং লাগাওলেনা

সে তিন দিন কাজ করিয়াছিল—উনি পে মাহা কামি লেদাএ

সে বিবাহ করিতে যাইতেছে—উনিদ বাহুঁ জং সেনঃ কানাএ

সে কত কথাই বলিল—উনিদ তিনাঃ কাথাগি মেন্ কেদাএ

আমি তোমাদের বাড়ীতে গিয়াছিলাম—ইঞ্ আপে আঃ ওড়াঃরে ভুকানাঞ্

তাহার কথা শুনিও না—উনি আঃ কাথা আণম্ আঞজম্ আ।

---

* পাত্র হইতে তরল পদার্থ ঢালা—তাং

| বাংলা | সাঁওতালী |
| --- | --- |

ঐ খানে আছে, দেও—ওণ্ডে হেনোঃ আ, এগাএ মে

গরুটা ঘরের মধ্যে বাঁধ—উনি ডাংরা ওড়াঃ ভিৎরিরে তলেমে

আমি দর করিতেছি—ইঞ্ দামেদা

জলার নিকট শাস্ত্র শোন—ছাচ্তোর উনি জলা ঠেন্ আঞ্জম্ মে

খুব কথা বলিতে পারে—খুব রড়্ দাড়ে আ আ

কি প্রকারে জানিলে যে বাবু ইহা চাহে—চেৎ লেকাতেম্ বাডাএ কেদা বাবু নো আ এ ঞাম্ কানা

উহা শুনিয়া ওখান হইতে আস্তে আস্তে চলিয়া গেল—ওনা আঞ্জম্ কাতে ওণ্ডে খন্ হাপে হাপেতেয়ে চালাও এনা

একটি হরিণ পিপাসিত হইয়া ঝরণাতে জল পান করিতে গিয়াছিল—মিং গটেঃই্ জেল তেতাং কেদেতে ঝারণা ঠেন্ দাঃ ক্রুই লাগিৎ চালাও লেনাএ।

ঐ ঝরণা খুব অসুবিধার জায়গাতে ছিল—ওনা ঝারণাদ আমি মুস্কিল্ গাএ গারে তাহে কানা।

আজ্ঞা, আজি গঙ্গা স্নানে যাইবেন—গড়ম্ বাবা, গড়ম্ আয়ো গঙ্গাতে উম্ এম্ চালাঃ আ।

একটা বড় কাঁঠাল আনিয়াছিল—মিৎ টেন্ মারাং কাঠাড় আগুলেদাএ (বা আগু এদাএ)

সব সব গরুতে গুতাইবে—মেন্ মেন্ ডাংরা এ রঃ মে আ।

সব সব কুকুরে কামড়াইবে—মেন্ মেন্ (বা দাড়্ মে বা অচগ্ মে) সে তাএ গের্ মে আ।

বড় লোকের সম্মান জাননা—ইডিং মানাও বাম্ বাডএআ

| বাংলা | সাঁওতালী |
|---|---|

সে কি প্রকারে মরিয়াছিল—উনিদ চেৎ লেকাতেয়ে গোঃই্ লেনা।

আমাদের জন্ত—আবো লাগিৎ

মাতা-পিতাকে মান্ত করিবে—এঙ্গাম্, আপুম্ মানাও কিন্ মে

মাটীতে পুতিয়াছিল—তোপাও চোলে না

এটা কোথায় পাইয়াছিস্—নো অদ ওকারে কো ঞাম্ কেদা

সে কি দিয়াছে—উনি চেৎ এমাৎ মে আ?

সাংপ্রতি সমাচার এই যে—ভেদ দ নো আ কানা।

একেবারে পরিত্যাগ করিবে কি পালন করিবে—একালৃতে বাগি উতারপে সে সেনাঃ পে

এখন হইবে না ব্যাস্ত আছি—নিতদ বাং হোয়োঃ আ, আডি আউ ঝাড়রে মেনাঞ

কল্য সভাতে কত লোক আসিয়াছিল—হোলা "গাল মারাও" রে তিনাঃ হড়্কো হেঃই্লে না।

মাজালিতে কামড়াইয়াছে—রল্ মুঃই্ গের্ আকা দি আঞ্

আমার উপর রাগ করিতেছ—ইঞ্ পাশে এদ্রে ওআঞ্ কানাম্

আমি কি মন্দ কথা বলিলাম—ইঞ্দ চেৎ বাড়ীঃই্ কাথা মেতামি আঞ্

উহার চেহারাটি খুব সুন্দর—উনিরেণ্ বেশ চেহারা মেনাঃ তাএ আ

রাগ আছে, বুদ্ধি নাই—এদ্রে মা তাম্ তাম, নতেম্ বান্‌ঃতাম্

রাস্তায় বড়ই ধূলা হইয়াছে।

(!) হর্‌রে বাগিতে ধুড়ি।

(!!) হর্‌রে আডি আটু ধুড়ি কানা।

(!!!) হর্‌রে আডি আটুতেৎ ধুড়ি কানা।

| বাংলা | সাঁওতালী |
|---|---|
| ধান্য রোপন করিতেছিস্? | হড়োম্ রহএদা? |

ভিটার মধ্যে সাপের খোস দেখিয়া ছিলাম।

গোডারে বিঞ্ কাঞ্ কুর ইঞ্ ঞেল্ লেদা।

বলিলে সহজে রাগ করিও না। রড়্লেম্ রে আল্গাতে আলম্ উসাৎ আ

লোকের সহিত ঝগড়া করিও না। হড়্ তুলুঃই্ আলম্ কাফারিআও আ

পিতল হইতে সোনার মূল্য অধিক।

পিতর্ খন্ সোনাদ আড়িতেৎ দামান্ আ।

ভাল করিয়া লেখা পড়া শিখিবে। অল্ অঃ পাড় হাওঃদ বেশ্তে চেৎজংমে।

বাড়ী গিয়া এটা খাও, ছেলেকেও দেও।

ওড়াঃরে সেন্কাতে নো আ জমমে, গিদ্রা ইঁ এমাএ মে।

মনে রাখিও ঈশ্বর সব সময়ে তোমাকে দেখিতেছেন।

দিশাইমে ঈশর সিঞ্ সাটুপ্ এ বেঞ্চেৎ আম্ কানা।

কাহারই সাক্ষী ছিলনা— অকএরেণ ইঁ গোহা দ বাকো তা হেঁ কানা।

## গল্প

### ১নং

### হাকিমের বুদ্ধি

কোনও একটি লোকের বাড়ীতে চুরী হইল। চোর বহু টাকা পয়সা লইয়া পলাইয়া গেল। কিন্তু বহু অনুসন্ধানেও চোর ধরা পড়িল না। পরে উপায়ন্তর না দেখিয়া বাড়ীর মালিক হাকিমের নিকট নালিশ করিল।

বাংলা

হাকিম গ্রামস্থ বহু লোক ডাকাইয়া চোর ধরিবার চেষ্টা করিলেন কিন্তু কিছুই ফল হইল না। পরন্তু তিনি চোর ধরিবার জন্য এক কৌশল অবলম্বন করিলেন। হাকিমের সম্মুখে যে সমস্ত লোক উপস্থিত হইয়াছিল তাহাদের মধ্যেই ঐ চোর ছিল। হাকিম উপস্থিত প্রত্যেক লোককে সমান লম্বা এক এক খানা বাঁশের কাঠী দিলেন এবং বলিলেন "কল্য সকালে এই কাঠী লইয়া সকলেই এখানে আসিও। যিনি চুরি করিয়াছ তাহার কাঠী রাত্রের মধ্যে এক আঙ্গুল বৃদ্ধি হইবে।"

সকলেই নিজ নিজ কাঠী লইয়া বাড়ীতে গেল এবং নিঃসন্দেহে ঘুমাইল কিন্তু উহার মধ্যে যে চোর ছিল তাহার আর ভয়ে ঘুম হইল না। সে অতিশয় ধূর্ত্ত লোক ছিল এবং মনে মনে ভাবিল "কি উপায়ে আমি এই বিপদ্ হইতে উদ্ধার পাইব" এই ভাবিতে ভাবিতে রাত্র ভোর হইয়া আসিল এমন সময় তাহার মাথায় একটি বুদ্ধি খেলিল। সে মনে করিল "রাত্র যখন ভোর হইয়াছে তখন আমার কাঠীও এক আঙ্গুল বৃদ্ধি হইয়াছে সুতরাং আমি যদি এখন উহা হইতে এক আঙ্গুল কাটিয়া ফেলি তবে আর আমাকে কেহই ধরিতে পারিবে না?"

এই মনে করিয়া সে উহা হইতে এক আঙ্গুল কাটিয়া ফেলিল এবং সকালে সকলের সঙ্গে হাকিমের নিকট উপস্থিত হইল। হাকিম মাপিয়া দেখিলেন—সকলেরই কাঠী ঠিক আছে কেবল উহারই কাঠী এক আঙ্গুল খাটো হইয়াছে। এই প্রকারে চোর ধরা পড়িল।

সাঁওতালী

হা়কিম রেআঃ আ়কিল।

মিন্‌হড়াঃ ওড়াঃরে কোম্‌ব্‌ড়ো এনা। কোম্‌ব্‌ড়োদ আএমা টাকা

সাঁওতালী

পক্কা হাতাওকাতে দাড়্কেদাএ। মেন্খান্ আডি কো কুরুমুটুকেদা, এন্রেহঁ বাকো সাব্দাড়ে আং কোআ। তায়মতে চেৎহঁ উপায় বাএ দাড়ে আংতে হাকিম্ ঠেনে লালিস্ কেদা। হাকিম্ দ আতরেণ্ যত হড্ হহ আগুকাতে কোম্ব্ড়ো সাব্ লাগিৎ এ কুরুমুটু কেদা। মেন্খান্ ওকালেকাতেগি বাএ দাড়ে আদা। তায়মতে হাকিম্দ কোম্ব্ড়ো সাব্ লাগিৎ এ উপাএ কেদা। হাকিম্ ঠেন্ তিনাঃ হড়্কো হেঃই্ লেনা ওনাকো ভিতিরিরে উনি কোমব্ ড়ো হঁ এ তাঁহেঁ কানা। আদো তায়মতে হাকিম্ দ যত হড়্ সমান জেলেঞ্ মাং কাটি কুটুরা কাতে এমাঃকো আএ। আরএ মেতাঃ কোআ "গাপা সেতাঃরে যত হড়্ নোআ কাটি ওআন্তে হিজুঃপে। অকএ কোম্ব্ড়ো আকাদা উ:ন আঃ কাটিদ ঞেন্দা রেগি মিৎ কাটুপ ঝালোঃ আ।" যত হড়্ কাটি হাতাও কাতে আপন্ আপিন্ ওড়ারে কো চালাও এনা। যত হড়্ বিন্ বতর্ তে কো জোপিং লেদা মেন্খান্ অকএ কোমব্ড়ো লেদা উনিদ বতর্তে বাএ জোপিং কেদা। উনিদ আড়ি হুসিআরএ তাহেঁ কানা আর মনে রেএ হুদিশ্ লেদা "চেকাতে নোআ মুহিম্ খনে ইঞ্ বাঞ্চাওঃ আ" হুদিশ্ হুদিশ্তে ঞেন্দা দ চাবা এন্ যখেঃই্ আচ্কা তেগি মিৎটেন্ মনেরে হুদিশ্ হেঃই্ আদেআ।

"নোআ ঞেন্দারে ইঞাঃ কাটিদ মিৎ কাটুপ্ জেলেঞ আকানা, ওনাতে মিৎ কাটুপ্ ইঞ্ কুটুরা গিডি কা খান্ অকএহঁ ইঞ্ বাএ সাব্ দাড়ে আঞা"। নোআ মেন্কাতে মিৎ কাটুপ্ কুটুরা গিডি কাদা। আর সেতাঃ এন্খান্ যতহড়্ হাকিম্ ঠেন্কো হাজির এনা। হাকিম্ দ যত হড়াঃ কাটিএ জুরি কেৎতা কোআ। ঠিক্গিতা কোআ মেন্খান্ উনিআঃ

সাঁওতালী

কাটিদ মিৎ কাটুপ্ কম্ এন্ তাএআ। নোন্‌কাতে কোম্‌ব্‌ড়ো সাব্ কিদিআ।

বাংলা

২ নং

হাকিম্ ও সেরেস্তাদার।

হাকিম। কিহে, তোমার আস্‌তে এত বিলম্ব হ'ল যে?

সেরেস্তাদার। আঁজ্ঞে হুজুর পথ বড়ই পিছল, এক পা আগে আসিলেই দুই পা পিছনে যেতে হয়।

হাকিম্। তবে কেমন করে আসিলে? মিথ্যা কথা তোমাকে ডিস্‌মিস্ ক'রবো।

সেরেস্তাদার। আঁজ্ঞে হুজুর আমার একটি নিবেদন।

হাকিম। না কোন নিবেদন নাই। মিথ্যা কথার আবার নিবেদন কি? হরিসিং—

একজন বৃদ্ধ উকিল। হুজুর! মিথ্যা কথা ব'লেছে স্থতরাং সে অপরাধী তাই ব'লে কি তা'র জবাব টাও শুনবেন না!

হাকিম। আচ্ছা বল, তোমার কি নিবেদন।

সেরেস্তাদার। আঁজ্ঞে হুজুর, যখন দেখলাম যে কিছুতেই আর অগ্রসর হ'তে পারি না তখন অগত্যা হুজুরের কাছারির দিকে পিঠ করিয়া হাটিতে হাটিতে কাছারিতে পৌছিলাম।

বাংলা

সমবেত উকিল মণ্ডলী। হাঁ হাঁ হুজুর ঠিক ঠিক। ( সমবেত উকিলেরা ইসারায় সেরেস্তাদারকে বলিল বস বস, ঠিক জবাব বটে )

হাকিম। ( মনে মনে )। হাঁ তাইতো! কথা তো ঠিক! ( শুনাইয়া ) আচ্ছা যাও আর এমন ক'রোনা।

সাঁওতালী

হাকিম্ আর সেরেস্তাদার।

হাকিম্। চেদাঃ এম্ দেরি কেদা ?

সেরেস্তাদার। হুজুর! হড় কোহঁ বাগিতে লেঞ্জেৎ। মিৎ জাগাম্ লাহাএ গান্ বার্ জাঙ্গা তায়মঃ আ।

হাকিম্। তবে চেৎ লেকাতেম্ হেঃইএনা? এড়েকাথা কানা। আমদ চাকুরি থন্ইঞ আচঃমে আ।

সেরেস্তাদার! হুজুর! ইঞাঃ মিৎটেন্ আরোজ্ মেনাঃ আ।

হাকিম্। চেৎ আরোজইঁ বাহুঃআ। এড়ে কাথা রেআঃ চেৎ আরোজ্? হরি সিং—

মিৎটেন্ হাড়াম্ উকিল। হুজুর! এড়ে কথাএ রড়্ আকাঃতে ঘাটি আকাদাএ ওনাতেগি উনিআঃ আরোজদ বাম্ আঞজম্ আ!

হাকিম্। মা! রড়্মে। আমাঃ চেৎ কাথা মেনাঃ আ।

সেরেস্তাদার। হুজুর! তিন্রেঞ্ ঞেল্কেদা ওকা লেকা তে ইঁ

বাংলা সাঁওতালী

লাহাত বাঞ সেন্‌দাড়েআঃ কানা, চেকা আঞ্‌ হুজুর! কাছারী হেঃই দেআ কেদা আর ওড়াঃ সেঃই্‌ চালাঃ ইঞ্‌ মোহওা এনা আর কাছারী রেঞ্‌ সেটের্‌ এনা।

যত উকিল্‌ কো—হাঁ হুজুর। ঠিক্‌ গিআ।

( যত উকিল্‌ কো—বাই বাইতে ইসারাতে

সেরেস্তাদার মেতা দে আ—"হুডুপ্‌মে হুডুপ্‌মে আমাঃ জবাবদ ঠিক্‌ গি আ" )

হাকিম্‌ মনে রেএ হুদিশ আনা "কাথাদ ঠিক্‌ গিআ" আদো হাকিমে মেতাদে আ সেরেস্তাদার চালাঃ মে, তেহিঞ্‌ খন্‌ আর আলম্‌ ওন্‌ কাএআ

পত্র কলিকাতা।

১নং ১|১|৪০

প্রিয় সতীশবাবু,

বহুদিন অতীত হইল আপনার কোন সংবাদাদি না পাইয়া যারপর নাই চিন্তা যুক্ত আছি। আশাকরি পত্রোত্তরে আপনাদের কুশলাদি পাইব। আপনি বর্ত্তমানে কি করিতেছেন, জানাইবেন। কোন চাকুরী আছে কি না? যদি চাকুরীতে থাকিয়া থাকেন তবে কোথায়, কোন বিভাগে, কি চাকুরী করিতেছেন লিখিবেন। শীঘ্র পত্রোত্তর দিবেন। এক পত্রে শত পত্র জানিবেন। শীঘ্রই বাড়ী যাইবার ইচ্ছা আছে, গেলে সাক্ষাৎমতে সবই বলিব। আমরা ভাল আছি আপনি আমার ভাল বাসা গ্রহণ করিবেন। ইতি

( বা কথা এই জানিবেন )

বাংলা সাঁওতালী

আপনার স্নেহের

শ্রী……

অনুবাদ

কলিকাতাথন্

১।১।৪০

দুলাড়িআ ( বা দুলাড়িঞ্ ) সতীশবাবু,

আড়িদিন হোই্‌এনা আমাঃ বগে জুদা সম্বাদ্ বাংইঞ্ বাডাএতে আড়ি ইঞ্ ভাবনা কানা, আশঃ কানাঞ্ যে চিঠি ঞাম্‌কাতে আপে আঃ বগে জুদা বাডাএ অচ ইঞ্‌মে। নিৎ অ চেৎতে চেকাএদা ওনাকো বাডাএ অচইঞ্‌মে। বাহান্ চাক্‌রী এদাম্ সে বাং। তবে চাকুরী এংকান্ থানেম্ ওকারে, ওকা বিভাগ্ রে, চেৎএম্ কামিঞ্ এদা বাডাএ অচ ইঞ্‌মে। হাকো পাকো চিঠিরে আঃ উত্তর অল্ রুআড়্ আইমে। থোড়াতে চের্ বুঝাও মে। থোড়াদিন ভিতরে গি ওড়াঃ ইঞ্ চালাঃ রে আঃ মন্ মেনাঃতিঞা, চালাও কাতে সামাংরে সানাম্‌গিঞ্ বাডাএ অচপেআ। আলেদ যত কোগি জিউ জাতিদ বেশ্‌গিআঞ্। আম্ ইঞাঃ দুলাড়্ খুসিতে আতাং কাতিঞ্‌মে। কাথাদ নিআ গিআ।

আমরেণ্ দুলাড়িয়া

শ্রী……

---

* সাঁওতালেরা পত্রের শিরো নামায় কিছুই লিখে না তবে সাঁওতাল কৃশ্চিয়ানেরা "যীশুমারাং" লিখিয়া থাকে।

২নং বংশীহারী।

পরম পূজনীয়, ১।১।৪০

বাবা, আজ বহুদিন পর আপনার একখানা আশীর্ব্বাদ পত্র পাইয়া নিরতিশয় আনন্দ লাভ করিলাম। মাঝে মাঝে এইরূপ পত্র পাইলে বিশেষ সুখী হইব। আমি এবার আপনার আশীর্ব্বাদে ক্লাস প্রমোশন পাইয়াছি। বর্ত্তমান মাসে নুতন ক্লাসের বই কিনিতে দশ টাকা আবশ্যক। অতএব পত্র পাঠ মাত্র টাকা পাঠাইয়া দিবেন। আমি আপনার আশীর্ব্বাদে ভাল আছি। আপনার কুশল পাইলে সুখী হইব। আপনি আমার সভক্তি প্রণাম গ্রহণ করিবেন এবং অন্যান্য গুরুজন দিগকেও আমার ভক্তি পূর্ণ প্রণাম জানাইবেন। নিবেদন। ইতি

আশীর্ব্বাদ প্রার্থী

শ্রী......

অনুবাদ।

বংশীহারীখন্

১।১।৪০

আড়ি মান তান্,

বাবা ( আপুং ), তেহেঞ্ আড়ি দিন তায়মতে আম্ আঃ মিৎটেন্ আশীর্ব্বাদ চিঠি ইঞ্ ঞাম্ কেদাঞ্ আড়ি খুসি এনা। অকৃতে অকৃতে নোন্‌কান্ চিঠি ইঞ্ ঞাম্ লেকান্ আড়িঞ্ খুসি আ। ইঞ্ নেস্ আমাঃ সাহাইতে ক্লাস্ রেআঃ পাশ নম্বর ঞাম্ কেদা চেতান্ ক্লাস্‌রে রাকাপ্ এনাঞ। নোআ চান্দরে নাঁওয়াঁ শ্রেণী রেআং কিতাব্

কিরিঞ্‌ লাগিৎ ইঞ্‌আঃ গেল্‌ টাকা জারুড়্‌ আঞ্‌কানা। তবে চিঠি পাড়্‌হাও তরা টাকা কোল্‌ আঞমে। ইঞ আমাঃ দয়াতে (দুলাড়তে) বেশ্‌গি মেনাঃ আ। আমাঃ বগে জুদা অলকাতে বাডাএ অচ ইঞ্‌মে। আম্‌ ইঞ্‌আঃ ডবো জোহার আতাং তিঞ্‌ আর এটাঃ এটাঃ গুরু হড়ই বাডাএ অচ কোপে। কাথাদ নি আ গি আ।

আম্‌রেণ্‌ দুলাড়্‌মে হপন্‌।

শ্রী ..

৩নং দার্জ্জিলিং

পরম কল্যাণবর, ৬।৬।৪০

নরেন, আমার সে দিনের পত্র বোধ হয় পাইয়াছ কিন্তু তোমার না আসিবার কারণ কিছুই বুঝিতে পারিলাম না। তুমি পত্র পাঠ মাত্র অথবা আগামী রবিবার অতি প্রত্যূষে এখানে আসিয়া আমার সহিত সাক্ষাৎ করিবে। কোন মতে অন্যথা না হয়। আমি বাসাতেই থাকিব। মফঃস্বলে যাইব না। তোমার সহিত বিশেষ আলোচনা আছে।...বই থাকিলে সঙ্গে আনিবা। তুমি যে ১০৲ টাকা চাহিয়াছিলে তাহা আমি এমাসে পাঠাইতে পারিব না। পর পত্রে বিস্তারিত লিখিব। অধিক লেখা বাহুল্য মাত্র। তোমরা কে কেমন আছ লিখিবা। ইতি।

আশীর্ব্বাদক

তোমার......

অনুবাদ

আড়ি দুলাড়িআ,

নরেন, ইঞ্‌ আম্‌ লাগিৎ এন্‌হিলোঃ ওকা চিঠি এমাৎ মেআঞ্‌ পাশেম্‌ ঞাম্‌ আকাদা, তবে আম্‌ আঃ বাং হিজুঃ রেআঃ কারণ চেৎ ই বাং বুঝাও দাড়েে আদাঞ্‌। আম্‌ নোআ চিঠি পড়্‌ হাও তরা আর বাং খান্‌ হিজুঃ আঠো আর আড়ি সেতাঃরে নোওে জারুড়্‌ হিজুঃ মে। আর ইঞ্‌ তুলুঃই্‌ জারুড়্‌গিম্‌ ঞেপেল্‌মে। নোআদ যেমন আলম বাং আ। ইঞ্‌ ওড়াঃরেগি তাহেনাঞ। ওকাতেই (বা মফঃস্বল্‌তেই) বা ঞ্‌ ইঞ্‌ চালাঃ আ। আম্‌ তুলুঃই জারুড়্‌ গাল্‌ মারাও মেনাঃ আ।...পুথি মেনাঃ তাং খান্‌ সঙ্গেতে আগুঘারা এমে। আম ওকা গেল্‌ টাকা কএলেদাম্‌ ওনাদ নোআ চান্দরে বাং ইঞ্‌ কোল্‌ দাড়ে আমাঞ্‌। এটা চিঠিরে যতগিঞ্‌ বাডাএ অচমে আঞ্‌ নোআ চিঠিরে ঢের্‌ বাং ইঞ্‌ আলাং মে আঞ্‌। আপে কোচেৎ লেকা মেনাঃ পেআ ওন্‌কোই অল্‌-আইমে। কাথাদ নিআ গিআ।

আশীর্ব্বাদ্‌ ইঃই্‌

আম্‌রেণ্‌......

৪নং বংশীহারী

প্রিয় রাখাল, ১।২।৪০

কয়েকদিন হইল তোমার নিকট একখানা পত্র লিখিয়াছি, পাইয়াছ বোধ হয় কিন্তু তাহার উত্তর না দিবার কারণ কিছুই বুঝিতে পারিলাম না। এবার এদেশের অবস্থা বিশেষ ভাল নয়। অনাবৃষ্টির জন্য

ধান্য হয় নাই। দেশে ভয়ানক দুর্ভিক্ষ হইয়াছে। গত বৎসরের বানে বহু গ্রাম ধ্বংশ হইয়াছিল আর এবৎসর অনাবৃষ্টি। সবই ভগবানের খেলা।

আমরা বিশেষ ভাল নাই। অসুখ বিসুখ লাগিয়াই আছে। তোমাদের কুশল লিখিতে ভুলিও না। ইতি

তোমার বন্ধু

শ্রী ..

অনুবাদ

দুলাড়ি আ রাখাল।

থোড়াদিন হোইএনা আম্ ঠেন্ মিৎটেন্ চিঠি অল্‌লেদাঞ্ পাশেম্ ঞাম্ আকাদা। তবে ওনারেআঃ উত্তর অল্‌রে আঃ যাহান্ কারণ বাং ইঞ্ বুঝাও দাড়ে আদাঞ্। নেস্ নোআ দিশম্‌রেআঃ হাল্ আড়ি ভাগেদ গহুঃআনাং, বা এ দাঃ লেদা, ওনা কারণ্‌তে হড়ো বাং হোয় এনা। দিন কালম্ রেআঃ ডুবা দাঃতে আড়ি আত আতুইএনা আর নেসই বাং দাঃ আকাদা। সানাম্‌গি চান্দো রেআঃ এনেঃই্ কানা।

আলেদ আড়ি ভাগেদ বাং মেনাঃ লেআ। রুআ হাসো কান গি আলে। আপেআঃ বগে জুদা অল্‌দ আল্‌পে হিড়িঞ্ আ। চাবা এনা।

ইঞ্‌দ আম্‌রেণ্ গাতিম্

শ্রী ..

৫নং বংশীহারী

শ্রীযুক্ত……সাহেব বাহাদুর ১।১।৪০

… মিশন, দিনাজপুর

সমীপেষু।

মহাশয়।

কৈল মোনা কুষ্টিয়ানের বসন্ত হইয়াছে। আমি গত কল্য আমার টিকাদার সহ সেখানে গিয়াছিলাম এবং রাত্রে ম্যাজিক্ ল্যাণ্টার্ণ সাহায্যে কলেরা, বসন্ত সম্বন্ধে বক্তৃতা দিয়াছি কিন্তু দুঃখের বিশয় কেহইটিকা লইলা না। রোগ যেরূপ প্রবল ভাবে দেখা দিয়াছে তাহাতে শীঘ্রই ইহার প্রতিকার না করিলে অনতি বিলম্বে চতুর্দ্দিকে বিস্তৃত হইয়া পড়িবে তাই আইনের আশ্রয় লইবার পূর্ব্বে আপনাকে জানাইতেছি, আপনি যদি অনতি বিলম্বে ইহার কোন প্রতিকার করিতে পারেন করুণ। অন্যথায় বাধ্য হইয়াই আমাকে আইনের আশ্রয় গ্রহণ করিতে হইবে। আমি ভাল আছি। আশাকরি আপনিও কুশলে আছেন। নিবেদনমিতি।

অনুবাদ।

শ্রীযুক্ত…………………

……… মিশন, দিনাজপুর

সমীপেষু।

বাবা, কৈল্‌রেণ্ মোনা কুস্তান্‌রে বসন্ত হোয় আকানা। ইঞ্‌দ হোলা ওক্তে ইঞ্‌রেণ্ টিকাদার তুলুঃই্ ইঞ্ চালাওলেনা আর ঞিন্দা রেয়ে বসন্ত ( বা গুটীদুক্ ), কলেরা ( বা হাওয়া দুক্ ) রে আঃ ইঞ্ প্রচার কেদা। ভাবনা রেআঃ কাথা অকত্র ইঁ টিকা বাকো হাতাও লেদা।

য়োগ্ যে লেকা আড়ি আটু এ্রেলেমা ওনাতে নোআ রেআঃ যাহাটাঃ উপাএ বাং হই্লেন্ খান্ উসেরাতে গোটা টাণ্ডি পাছ্নাও আ। ওনাতে আইন্ রেআঃ আস্ হাতাও তায়ম্ আমিইঞ্ বাডাএ অচ এৎ মেঞা। নোআরে যাহাটা উসেরাতেম্ বন্দ্বস্ত্ দাড়ে আ খান্ বন্দ্বস্তমে বাংখান্ ইঞ্দ আইন্ ইঞ্ মানাও লাগিৎ ইঞ্ কুকমুটুইআ। ইঞ্দ বেশ্গি মেনাঞা। আশঃ কানাঞ্ আমিই বেশ্গি আম্। কাথাদ নিআ গিআ।

আম্রেণ্ এ্রেপেল্ হড়্।*

শ্রী.............

## গান বাজনা।

( রাজন্ বাজন্ )

সাঁওতালী গান বাজনা সাধারণতঃ পাঁচ ভাগে বিভক্ত যথা :—†

(১) দঙ্ :—( বিবাহের গান। ইহা সাধারণতঃ সাঁওতাল্‌নীরাই গাহিয়া থাকে )

বিবাহের সম্বন্ধ ঠিক করিতে আসিয়া ( অর্থাৎ পান চিনি করিবার সময়ে ) বসিয়া বসিয়া পুরুষেরা যে গান

* যদি পরিচয় থাকে অন্যথায় "এ্রেপেল্" স্থলে "গাতিম্" হইবে।

† অন্যান্য গান বাজনা "হড়্ সেরেঞ্" অর্থাৎ "সাঁওতালী গান" নামক পুস্তকে দেখান হইবে।

করে তাহাকে "বাপলা সেরেঞ্ বলে। ইহাতে নৃত্য নাই।

(২) লাগ্ড়ে :—( বা গ্যারোসিম্। আষাড় মাসের পরবে অর্থাৎ সাধারণতঃ কালি পূজার সময়েই সাঁওতালনীরা এই গান গাহিয়া থাকে। )

(৩) রিঞ্জে :—( ভাদ্রমাসের পরবে অর্থাৎ ধান্য রোপন শেষ হইলেই পুরুষেরা এই গান গাহিয়া থাকে )

(৪) সহ্রাই :—( মাঘমাসের পরবে অর্থাৎ ধান্য মাড়িবার পর সাঁওতাল-গণ তাহাদের মোসাএন দিগের সহিত এই গান গাহিয়া থাকে )

(৫) বাহা :—( ফাগুয়ার সময় অর্থাৎ দোল পূজার সময়ে সাঁওতাল ও সাঁওতালনীরা একত্রে এই গান গাহিয়া থাকে )

(১) দণ্ড

১নং

আপে ওড়াঃ বেহাই স্যাউড়ী ওড়াঃ,
আলে ওড়াঃ বেহাই খাপার ঘারা
হোএতে দাগ্দ রেবেড়্ রেবেড়্ সাডে আ,
পুরুআই হোএরেদ রেআড় গি আ।

বাংলা ভাবার্থ।

তোমাদের বেহাই খড়ের ঘর। ওকি একটা ঘর! আমাদের ঘর বেহাই খোলায় তৈরী। ঝড় বৃষ্টিতে কেমন রেবেড়্ রেবেড়্ শব্দ হয়! আর পূর্ব্ব দিকের হাওয়াতে বেহাই ভারী ঠাণ্ডা।

২ নং

ওকা এনাম্ বিটি দুলাড়িআ ?
মেনাঞ্ গিআ দাদা, দে দুড়ুপ্ মে।
বাঞ্ দুড়ুপ্ কানা বিটি, বাঞ্ তেঙ্গন্ আ
তোয়া দারে বিটি বিন্দেড়েনা।

বাংলা ভাবার্থ।

( মাতার মৃত্যুতে বড় ভাই ছোট ভগ্নিকে তাহার শ্বশুর বাঁড়ীতে গিয়া মৃত্যু সংবাদ দিতেছে )

ভাই বলিল। এ বিটি * দুলাড়িআ তুমি কোথায় ?

ভগ্নি উত্তর করিল। দাদা এই যে আমি, বস।

ভাই বলিল। না বিটি বসিবও না বিলম্বও করিব না, তুমি শুন বিটি,—দুধের গাছ আমাদের চলিয়া গিয়াছে ( অর্থাৎ মা আমাদের মরিয়া গিয়াছেন )

(২) লাগ্ড়ে।

( সুর—তাহারেতা নানা ত্রানা,
তাহা রেতা নানা রে।
ইত্তরে তাহারেতা,—
নানা ত্রানা ( নানা কি নারাঞ্জ্ বানদ )

লাগ্ড়ের ন্যায় 'বাপ্লা' ও "রিঞ্জে"তেও বান্ধি সুর আছে ইহা ভিন্ন অন্যান্য গানে বান্ধি সুর নাই।

* সাঁওতালেরা ভগ্নিকেও সময়ে সময়ে বিটি বলিয়া থাকে।

১ নং

সাঙ্গিঞ্‌ দিশম্‌ পেড়ামাকো,
হেঃই্‌ আকান্‌ তুড়ুপ্‌ আকান্‌।
মিরু ঠোন্টা হুকামাই আগুই্‌মে,
গরুড়্‌ জাঙ্গা নল মাই
তিউইঞ্‌ দারাএমে॥

বাংলা ভাবার্থ।

বহুদূরের কুটুম্‌ আসিয়াছে মা। টিয়ার ঠোটের ন্যায় হুকাটা আর গরুড় পায়ী নলটা নিয়ে এস।

(৩) ড়িঞ্‌জে।

(সুর—তাহারে তারেনা রে,
তাহারে তারেনা রে,
তাহা রেতা নাহা নানারে,।
তাহারে তারে নারে,
তাহারে তারে নানারে আনারে,
তাহারে তারে নানা হো॥

১ নং

কোন্‌ নাহি সিরিজালা,
ভুমা পৃথিমা হো, ২
কোন্‌ নাহি সিরিজালা,
আং গাছা লো।

ঈশরাহি সিরি জালা
ভুমা পৃথিমা হো,
ঈশরাহি সিরি জালা,
আং গাছা লো ॥

বাংলা ভাবার্থ।

কে এই পৃথিবী সৃষ্টি করিল?
কে এই বৃক্ষাদি সৃষ্টি করিল?
ঈশ্বরই এই পৃথিবী এবং বৃক্ষাদি
সৃষ্টি করিয়াছেন।

(৪) সহ্রাই।

১ নং

দাই না দাই মারাং দাই. দেলা সে দাই না ওড়োং লেন্মে।
হাথি লেকান্ পরব্ দাই না, দারাকান্ দ ॥
দাই না দাই মারাং দাই, দেলা সে দাইনা ওড়োং লেন্মে।
হাথি লেকান্ পরব্ দাই না, আতাং আদেরমে ॥

বাংলা ভাবার্থ।

দিদি দিদি বড় দিদি বাহির হও। হাতীর মত বড় পরব আসিতেছে। দিদি দিদি বড় দিদি বাহির হও হাতীর মত বড় পরবকে অভ্যর্থনা করিয়া আন।

(৫) বাহা।

দেশ চও আচুরেন্, জা গো সাঞ্

তুদে দএ রাগে কান্।

দিশম্ চও বিহুরেন্, জা গোসাঞ্

গো ক্রুৎমে দ এ সাহেদা॥

আচুর তে ইঁ আচুরেন্, জা গোসাঞ্

তুদে দএ রাগে কান্।

বিহুর তে ইঁ বিহুরেন্ জা গোসাঞ্

গো ক্রুৎ মে দএ সাহেদা॥

বাংলা ভাবার্থ।

বৎসরান্তে ফাগুয়ার সময় 'তুৎ' পক্ষী ও 'গো ক্রুৎ' পক্ষী ডাকে।

দঙ্—ঝাপ্লা।

( সুর—তাহারে তা নানা তার না,

তাহারে তা না না মা হো। ২ )

(i) জাকুব্দ আঃইরেন্ হপন্ তেৎ

দুলাড়্কাতে মেতাএ কানা।

এ ইঞ্রেন্ বেটা জোসেফ্

দেলা বেটা হিজুঃমে।

বাথানরে দাদাম্ তে কো

ভিডি কো গোপি কানা।

মা বেটা সাপ্ ড়াঃও তে

এেল্ আগু কোম্।

(ii) জোসেফ্ দ আপাৎ রেআঃ কাথা আঞ্জম্ কাতে
আড়ি কুসি কাতে চালাও এনাএ।
মেন্ থান্ হায় হায় জোসেফ্ দ বাএ ছদিস্ লেদা,
দাদা তে কো তুলুঃই্ এ্ঞেপেল্ আ মেন্তেদ
আড়ি কুসি কাতে চালাও এনাএ।

(iii) মেন্ খান্ হায় হায় ইউসোফদ বাএ বাডাএ লেদা
নিআ ছটরেগি ইঞ্দ দুলাড়িআ আপুং খনা
বেগার উতারু আঞ্ যাএ যুগ হাবিঃই্ ॥

বাংলা অর্থ।

জাকুব নিজপুত্র জোসেফ্কে আদর করিয়া ডাকিয়া বলিল "এ পুত্র জেসেফ্ তুমি তোমার যে সকল ভাই ভেড়া চরাইতেছে তাহাদের সহিত বাথানে শীঘ্র গিয়া দেখা কর।" জোসেফ্ পিতার কথা শুনিয়া খুব খুসি হইয়া চলিয়া গেল কিন্তু হায় হায় দাদাদের সহিত দেখা হইলে তাহার ভাগ্যে কি ঘটিবে তাহা সে বুঝিতে পারিল না, সে আনন্দ সহকারে চলিয়া গেল। জোসেফ্ বুঝিল না যে আমার প্রেম পিতা হইতে এইবার চির কালের মত ভিন্ন হইলাম (অর্থাৎ তাহার ভ্রাতাগণ যে তাহাকে মারিয়া ফেলিবে সে তাহা বুঝিতে পারিল না) *

* ভ্রাতারা তাহাকে মারিবার চেষ্টা করিয়া ছিল কিন্তু মতদ্বৈধ হেতু না মারিয়া মিশ্রীদের নিকট বিক্রয় করিয়াছিল।

সাওতালী পরব বা উৎসব।

সাওতালদিগের মধ্যে সাধারণতঃ চারিটি পরব প্রচলিত আছে। যথা :—ম্যারোঃসিম্, বান্দ্না, সাকরাৎ এবং বাহা বা ফাগুয়া।

(১) ম্যারোঃসিম্—এই উৎসব মাত্র একদিন থাকে। দিনের বেলায় পূজা হয় আর রাত্রে নাচ গান করে।

(২) বান্দ্না পরব—৭ দিন থাকে } ১০ দিন

(৩) সাক্রাৎ পরব—৩ দিন থাকে }

এই দুইটি পরব এক সঙ্গেই হয়। প্রথমে বান্দ্না এবং পরে সাক্রাৎ। বান্দ্না পরবই সাঁওতালদিগের মধ্যে সব চেয়ে বড় পরব।

১ম দিন—স্নান।

২য় দিন—গোহাল পূজা।

৩য় দিন—বলদ খুটা। এইদিন ১ খানা খুটা পুতিয়া তাহাতে একটা বলদ বাঁধিয়া তাহার সহিত সাঁওতালেরা কুস্তি করে।

৪র্থ দিনে—জালে অর্থাৎ বড় বান্দ্না ফুরাএ।

৫ম দিনে—( ছোট বান্দ্না বা সাকরাৎ পরব আরম্ভ হয় ) হাকো কাট্কোম্। এইদিন বাহান করিয়া মাছ ধরিয়া খায়।

৬ষ্ঠ দিন—বেঝা তুঞ্। এইদিন সকালে শীকার করিতে যায় এবং বাড়ীতে ফিরিয়া আসিয়া একটি কলাগাছ পুতিয়া তাহাতে তীর মারে।

৭ম দিন—বাসী পরব।

৮ম দিন টুংকি ঝাড়া। এইদিন সমস্ত ঝাড়িয়া খায়। ঘরে আর কিছুই খাবার রাখে না।

৯ম দিন—ছেলে কাচ্ড়া। এই দিন ছেলে পেলেরা না খাইতে পাইয়া কাঁদে।

সাঁওতালী পরব বা উৎসব।

১০ম দিন হাল্ পুহ্ না। এই দিন বৎসরের প্রথম হাল্ জুড়ে।

(৪) বাহা—এই পরব দুই দিন থাকে। ১ম দিন স্নান ও যাহেরের থান মেরামত করে এবং পরদিন নাচগান করে।

সাওতালী প্রণাম।

সমানে সমানে ঃ—""জোহার" বলে এবং কখনও কখনও "জোহার" বলিয়া উভয়েই হাত মুঠ করিয়া নিজ নিজ কপালে স্পর্শ করে।

ছোট-বড়কে ঃ—ছোট জন দুই হাত ভুট করিয়া সম্মুখে সামান্য কুজা হয় আর বড় জন ঐ প্রকারে মাত্র এক হাত ভুট করে।

বেহাই বেহাইএ ঃ—উভয়ে উভয়ের হাতের পাতা ধরিয়া তিনবার ঝোকাইয়া পরে হাত ছাড়িয়া দিয়া দুই জনেই হাত উচু করে এবং 'সাহেব' কথাটি দুই জনেই উচ্চারণ করে। পরে হাত নামাইয়া ভাল মন্দ জিজ্ঞাসা করে।

অথবা

একজন হাত মুঠ করিয়া নীচে ধরে আর অন্য জন হাত মুঠ করিয়া ঐ মুঠের নিকট লইয়া উভয়েই হাত সরাইয়া লয়। উভয়েই দাড়াইয়া দাইড়াইয়া ১ হাত মুঠ করিয়া ঐ প্রকার করিয়া থাকে।

সাঁওতালী প্রণাম।

মেয়ে, পুত্র বধু,

নাতি বধু প্রভৃতি—ইহারা মাতা পিতা এবং শ্বশুর শাশুড়ী প্রভৃতি গুরুজনদিগের সম্মুখে গিয়া দুটী হাত মাটীতে রাখিয়া মাথা নীচের দিকে লইয়া আবার তুলিয়া লয় অর্থাৎ একবারমাত্র ঘাড় দেখাইবার নিয়ম।

মেয়েদের মধ্যে :—

সমানে সমানে :—কিছুই বলে না। মাত্র ভাল মন্দ জিজ্ঞাসা করে।

ছোট বড়কে :—বড় জন দুই হাত চিং করিয়া সম্মুখে সামান্য কুজা হইয়া হাতের পাতা গুটাইয়া লয়, আর ছোট জন দুই হাতের পাতা ভুট করে ও সামনে সামান্য কুজা হয় মাত্র। ( কোন ক্ষেত্রেই কুজা না হইলেও চলে )।

বেহানে বেহানে :—দুই জনের মধ্যে একজন অন্য জনের দুই হাতে দুইটী অনামিকা আঙ্গুল ধরিয়া ( হাত ভুট অবস্থায় ) পরস্পর ডাইনে বাঁয়ে বিপরীত ভাবে তিনবার ঝুকিয়া পরে আঙ্গুল ছাড়িয়া দিয়া হাত চিং করিয়া দুই বার করিয়া হাতের আঙ্গুল গুটাইয়া লয়।

---

সাঁওতালী শাস্ত্র।

সাওতালদিগের কোন লিখিত শাস্ত্র নাই তবে বৃদ্ধদের নিকট যাহা শুনা যায় তাহা এইরূপ :—

আদিতে সমস্তই জলময় ছিল। ধর্ম্মগুরু পৃথিবী সৃষ্টির বাসনায় স্বর্গ হইতে রেসমী সুতা ধরিয়া নামিয়া আসিয়া জলের উপর সিংহাসন স্থাপন

করিয়া তাহাতে উপবেশন করিয়াছিলেন এবং এই ধর্ম্ম গুরুর দেহের দুইটী ময়লা হইতেই রাজহংস ও রাজহংসী উৎপন্ন হইয়াছিল এবং ধর্ম্ম গুরুর আদেশে তাহার ঐ সিংহাসন পদ্মগাছে পরিণত হইয়াছিল। পরে ঐ রাজহংসী পদ্ম পত্রোপরি দুইটী অণ্ড প্রসব করিয়াছিল তখন ধর্ম্মগুরু পৃথিবী সৃষ্টি-মানসে কাকড়া, কুমীর, চিংড়ী, শামুক প্রভৃতিকে ডাকিয়া পৃথিবী সৃষ্টি করিতে বলিলেন কিন্তু কেহই স্বীকৃত হইল না দেখিয়া ধর্ম্মগুরু বিশেষ চিন্তিত হইয়া পড়িলে কেঁসো এবং কাছিম্ আসিয়া উক্ত সৃষ্টি কার্য্যের ভার গ্রহণ করিল। কেসো পদ্ম মৃণালের মধ্য দিয়া মাটী তুলিতে লাগিল আর কচ্ছপ তাহা পৃষ্ঠে ধারণ করিতে লাগিল। এই প্রকারে আস্তে আস্তে এই বিশাল পৃথিবী সৃষ্টি হইল এবং উক্ত হংসডিম্ব দুইটী হইতে পিল্‌চু হাড়াম্ ও পিল্‌চু বুড়ী জন্মগ্রহণ করিল। উহারাই মানব জাতীয় আদিম পিতা মাতা।

শাস্ত্র বাক্য।

সাঁওতালী শাস্ত্রে মনুষ্য সৃষ্টির পরই পাঁচুই ( ধানি মদ ) পানের ব্যবস্থা আছে বলিয়া সাঁওতালদের মধ্যে উহার অধিক প্রচলন দেখা যায়।

দামোদর নদীকে সাঁওতালেরা তোপন নাই বলে অর্থাৎ দামোদরের জলই উহাদের নিকট পবিত্র। এক কথায় সাঁওতালের গঙ্গা বলা যাইতে পারে।

**সমাপ্ত।**

## ব্যাকরণ।

| অশুদ্ধ | শুদ্ধ | ইংরাজী অক্ষরে বানান |
|---|---|---|
| আইও<br>আয়ু | আয়ো | Ayo |
| আয়া | আএআ | Aea |
| আলুম্<br>আলোম্ | আলম্ | Alom |
| ইং | ইঞ্ | In' |
| ইমাঞ মে | এমাঞ্ মে | Eman'me |
| কিরিং | কিরিঞ্ | Kirin' |
| কিচ্‌রিঃ | কিচ্‌রিঃই<br>কিচ্‌রীঃই | Kisrie' |
| কান্তায়া | কান্তাএআ | Kantaea. |
| গএ | গোঃই | Goc' |
| গো | গঃ | Gok' |
| গিদর পিদর<br>গিদ্‌রে পিদ্‌রে<br>গিদার পিদার | গিদ্‌রা পিদ্‌রা | Cidra Pidra |
| চলা | চালাঃ | Calak' |
| চিলি | চেলে | Cele |
| চিৎ | চেৎ | Cet' |
| চেলেঅয়া | চেলেআ এআ | Celeaea |

| অশুদ্ধ | শুদ্ধ | ইংরাজী অক্ষরে বানান। |
|---|---|---|
| চেকায়া | চেকাএআ | Cekaea |
| চ্যাড়ে | চেঁড়েঁ | Cẽṛẽ |
| জোম্ | জম্ | Jom |
| টাং | টেন্ | Ṭen |
| তইও | তোয়ো | Toyo |
| তিঙ্গুন্মে | তেঙ্গলেন্মে | Teṅgolenme |
| তিজু | তেজো | Tejo |
| তিনে | তিনাঃ | Tinak' |
| তেহিঞ | তেহেঞ | Tehen' |
| তেং | তেঞ | Ten' |
| দারী | দারে | Dare |
| দঃ<br>দো | দ | Do |
| নিতুম্ | ঞুতুম্ | N'utum |
| নোড়ে | নোন্ডে | Nonde |
| বসন্তর | বসন্ত | Basanta |
| বাড়ায়া | বাড়াএআ | Badaea |
| বানুয়া | বানুঃআ | Banuk'a |
| বানুঃতয়া | বানুঃতাএআ | Banuk'taea |
| বোগিতে | বোগেতে | Bogete |
| ভাকা | ভাকি | Bhaki |
| মিয়াং | মেআং | Meaṅ |

| অশুদ্ধ | শুদ্ধ | ইংরাজী অক্ষরে বানান। |
|---|---|---|
| য্যাড়ে | এড়ে | Eṛe |
| রেমিল | রিমিল্ | Rimil |
| রুয় | রুআ | Rua |
| রোড়া | রড়া | Roṛa |
| লিকো খান্দ | লেকো খান্দ | Lekokhando |
| সোয়া | সআ | Soa |
| সেরিং<br>সিরিং | সেরিঞ্ | Seriñ |
| সিঙ্গেল | সেঙ্গেল্ | Seṅgel |
| হাকু | হাকো | Hako |
| হিজুমে | হিজুঃমে | Hijuk'me |
| হাটিয়া | হাট্ | Haṭ |
| হাটিয়াতে<br>হাট্তে | হাট্রে | Haṭre |
| হড়ু<br>হোড়োন্<br>হোড়ো | হড়ো | Hoṛo |
| হোএ আকানা | হোয় আকানা | Hoyakana. |

| শব্দ | প্রতি শব্দ |
|---|---|
| আঁধার—সিঞ্ ( Sin' ) | আলো—মার্শাল্ ( Marsal ) |
| সিঞ্ মার্শাল ( Sin' marsal ) | |
| খাটো—খাটো ( Khato ) | লম্বা—জেলেঞ্ ( Jelen' ) |
| | ঝাল্ ( Jhal ) |
| ছোট—কাটিঃই্ or কাটাঃই্ ( Katic' ) | বড়—মারাং ( Marañ ) |
| | শেঁড়াঁ ( Sêrâ ) |
| হপন্ ( Hopon ) | হাপ্ড়া ( Hapra ) |
| হুডিঃ ( Hudiñ ) | লাটু ( Latu ) |
| সাকড়া ( Sakra ) | নাপ্ড়া ( Napra ) |
| জন্ম—জানাম্ ( Janam ) | মৃত্যু—গোঃই্ Goc' |
| জয়—দাড়ে ( Dare ) | পরাজয়—বাংদাড়ে (Bañdare) |
| টাট্কা—টাট্কা ( Tatka ) | পচা—সেআ ( Sea ) |
| ঠাণ্ডা—রে আড়্ ( Rear ) | গরম—উর্গুম্ ( Urgum) |
| | উদ্গার ( Udgar ) |
| দিবা—মাঁহাঁ ( Mâñâ ) | রাত্র—ঞিন্দা ( N'inda ) |
| ধনী—কিশাঁড়্ ( Kisâr ) | দরীদ্র—রেঙেঃই্ ( Reñgec' ) |
| নূতন—নাঁওয়া ( Nâwa ) | পুরাতন—মারে ( Mare ) |
| পাকা—বেলে ( Bele ) | কাচা—বেরেল্ ( Berel ) |
| পাপ—পাপ্ ( Pap ) | পুণ্য—ভাগে ( Bhage ) |
| কাই ( Kai ) | |
| পুরু—দারিআ ( Daria ) | পাতলা—এতাং ( Etañ ) |

| শব্দ | প্রতি শব্দ |
|---|---|
| ভাল—বেশ ( Bes ) | মন্দ—বাড়িঃই্ |
| বগে ( Boge ) | বাড়ীঃই্ ( Bario' ) |
| | জুদা ( Juda ) |
| মোটা—মোটা ( Mota ) | কৃশ—চিকাঁড়্ (Cikâr ) |
| ময়লা—মাইলা ( Maila ) | সাফা—সাফা ( Safa ) |
| কাতোয়ার্ ( Katwar ) | |
| শত্রু – বাইরী ( Bairi ) | মিত্র—এদ্‌রে ( Edre ) |
| | গাতে ( Gate ) |
| | সুলুক ( Suluk ) |
| শক্ত—কেটেঃই্ ( Ketec' ) | নরম্—নরম্ ( Naram ) |
| | লাবিৎ ( Labit' ) |
| সুখ—সুক ( Suk ) | দুঃখ—দুক ( Duk ) |
| সত্য—সরি ( Sari ) | মিথ্যা—এড়ে ( Ere ) |
| সুগন্ধ—মজ্‌গে স আকানা ( Majge Soakana ) | দুর্গন্ধি—সে আগে স আকানা ( Seage Soakana ) |
| সাহস—দিল্ ( Dil ) | ভয়—বতর ( Botor ) |
| | বরঃ ( Borok' ) |
| সবল—কেটেঃই্ ( Ketec' ) | দুর্বল—লেড়োসিআ (Lerosia) |
| | নিজর্ ( Nijor ) |

| পুংলিঙ্গ | স্ত্রীলিংঙ্গ |
|---|---|
| পুত্র—কোড়া ( Koṛa ) | কন্যা—কুড়ী ( Kuṛi ) |
| হপন্ ( Hopon ) | হপন্ এরা ( Hopon era ) † |
| পিতা—আপুং ( Apuṅ ) | মাতা—এঙ্গা ( Eṅga ) |
| | গঃ ( Gok' ) |
| ভাই—বএহা ( Boeha ) | ভগিনী মিসেরা ( Misera ) |
| দাদা—দাদা ( Dada ) | দিদি—দাই ( Dai ) |
| শ্বশুর—হোঞ্হার্ ( Hoñhar ) | শাশুড়ী—হান্হার্ ( Hanhar ) |
| খুড়া—হুডিং আপুং ( Huḍiṅ apuṅ ) | খুড়ী—হুডিং আয়ো ( Huḍiṅ ayo ) |
| জ্যেঠা—গোং গো বাবা ( Goṅgo baba ) | জ্যেঠী—গোং গো আয়ো ( Goṅgo ayo ) |
| মোড়োল—হেরেল্ ( Herel ) | মোলাএন্ আয়ো ( Ayo ) |
| | মাই ( Mai ) |
| | মাএজিউ ( Maejiu ) |
| স্বামী—হেরেল্ ( Herel ) | স্ত্রী—বাহু ( Bâhu ) |
| | ওড়াঃ গম্‌কে ( Oṛak' gomke ) |
| দাসী—গুতি ( Guti ) | দাসী—কাম্ড়ী ( Kamṛi ) |
| | লাউঁড়ি ( Laûḍi ) * |

† কোন কোন পুলিংঙ্গ শব্দের সহিত 'এরা' শব্দ যোগে স্ত্রীলিঙ্গ হইয়া থাকে।

* রক্ষিতা।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|
| বেহাই—বালাঞ্ ( Balan´ ) | বেহান—বালাঞ্এরা (Balan´ era) |
| সিংহ—জাটাকুল্ ( Jatakul ) | সিংহী—কুল্ ( Kul ) |
| রাজহংস—হাঁস ( Hâs ) | রাজ-হংসী—হাঁসিল্ ( Hâsil ) |

---

## অব্যয়—উপসর্গ।

| বাংলা | সাঁওতালী | ইংরাজী অক্ষরে সাঁওতালী |
|---|---|---|
| অনেকক্ষণ | আড়ি ঘাড়ি | (Aṛi ghaṛi ) |
| অন্য বা ভিন্ন | এটাঃ | Etak' |
| অথবা | সে | Se |
| অতঃপর | খান্গি | Khangi |
| ই | গি | Gi |
| ইত্যাদি | এমান্ তে আঃ | Emanteak' |
| উহা | ওনা | Ona |
| এই | নুই | Nui |
| | নোআ | Noa |
| | নিআ | Nia |
| এই প্রকার | নুন্ | Nun |
| এখন | নিৎ | Nit' |
| এখনই | নিৎগি | Nit' gi |
| এখনও | নিৎহঁ | Nit' hộ |
| এখানে | নোণ্ডে | Nonḍe |

| বাংলা | সাঁওতালী | ইংরাজী অক্ষরে সাঁওতালী |
|---|---|---|
| এদিক ওদিক | ওন্‌তে নতে | Onte note |
| এবং, এইযে | মেতাঃ মে | Metak' me |
| এইরূপ | নোন্‌কান | Nonkan |
| এত | হানঃ | Hanok' |
| | নুনা | Nuna |
| ঐ | হানি | Hani |
| ঐটা | হানাটা | Hanata |
| ওখানে | ওণ্ডে | Onde |
| ওগুলা | নকুদ | Nokudo |
| | হান্‌কুকো | Hankuko |
| ও | আর | Ar |
| ওখানকার | ওন্‌ডেন্‌ | Onden |
| কখন | তিন্‌রে | Tinre |
| কবে | তিস্‌ | Tis |
| কখনও | তিস্‌হঁ | Tishô |
| কোথায় | ওকারে | Okare |
| কি প্রকারে | চেৎলেকাতে | Cet'lekate |
| কি | চেৎ | Cet' |
| কেন | চেদাঃ | Cedak' |
| কোন | ওকা | Oka |
| কেননা | এন্তে | Ente |
| | বিচ্‌কম্‌ | Biskom |
| | চেদাঃ জে | Cedak'je |

| বাংলা | সাঁওতালী | ইংরাজী অক্ষরে সাঁওতালী |
|---|---|---|
| কেবল | একেন্ | Eken |
| কিন্তু | মেন্খান্ | Menkhan |
| কোন প্রকারে | ওকাভাগ্তে | Okabhagte |
| জন্য | ইআ | Ia |
| ঠিক | ঠিক্ | Ṭhik |
| তখন | উন্‌রে | Unre |
| | উন্‌যখেন্ | Unjokhen |
| তখনও | উন্‌যখেঃই | Unjokhec' |
| তাহাহইলে, তবে | এণ্ডে খান্ | Endekhan |
| তবুও | এন্‌রেহঁ | Enrehô |
| তারপর | আদ | Ado |
| | তায়ম্‌তে | Tayomte |
| তাই | আদ | Ado |
| দ্বারা | চেৎতে | Cet'te |
| | হতেতে | Hotete |
| নইলে, নচেৎ | বাংখান্ | Bañkhan |
| না | আল | Alo |
| নাকি | বাংমা | Bañma |
| পুনরায় | রুআড়্ | Ruaṛ |
| পরিবর্তে | ছিন্‌তে | Chinte |

| বাংলা | সাঁওতালী | ইংরাজী অক্ষরে সাঁওতালী |
|---|---|---|
| বরং | বিচ্‌কম্‌ | Biskom |
| বাহবা বাহবা | লী লো লী লো | Lilo lilo |
| | আছা আছা | Acha acha |
| বিনা | বেগর্‌ | Begor |
| যদি | হোনাং | Honań |
| যথা | মেতামে | Metame |
| যে যে / কোন কোন | ওকাকো | Okako |
| সেইরূপ | ওন্‌কাগি | Onkagi |
| সে জন্যে | ওনাতেগি | Onategi |

দ্বি—উচ্চারিত শব্দ

| | | |
|---|---|---|
| আশ্চর্য্য আশ্চর্য্য | হাহাড়া হাহাড়া | Hahara hahara |
| উঠ উঠ ( ঘুম হইতে ) | বেরেৎ মে বেরেৎ মে | Beret' me beret' me |
| কিছু কিছু | নাসে নাসে | Nase. nase |
| | থোড়া থোড়া | Thora. thora |
| ঘুর ঘুর | রুআড়্‌ লেন্‌ মে রু আড়্‌ লেন্‌ মে | Ruarlen me ruarlen me |

| বাংলা | সাঁওতালী | ইংরাজী অক্ষরে সাঁওতালী |
|---|---|---|
| | আচুর লেন্ মে | Achurlen me |
| | আচুর্ লেন্ মে | achurlen me |
| | হেঃই্ লেন্ মে | Hec' len me |
| | হেঃই্ লেন্ মে | hec' len me |
| চড় চড় ( উঠ উঠ ) | দেজোঃ মে দেজোঃ মে | Dejok' me |
| | | dejok' me |
| চুপে চুপে | ওকো ওকো তে | Oko oko te |
| | খাএ খাএ তে | Khae khaete |
| ছাড় ছাড় | আড়া কাএ মে | Aṛa kae me |
| | আড়া কাএ মে | aṛa kae me |
| | আড়া কাম্ আড়া কাম্ | Aṛa kam |
| | | aṛa kam |
| ঝক্ ঝক্ | লিকির লিকির | Likir likir |
| ডুবাও ডুবাও | উনুম্ ওমে উনুম্ ওমে | Unum ome |
| | | unum ome |
| ঢাক ঢাক | হারুব্ মে হারুব্ মে | Harub me |
| | | harub me |
| থাম থাম | হাপে হাপে | Hape hape |
| দাড়াও দাড়াও | তেঙ্গ লেন্ মে | Teṅgo len me |
| | তেঙ্গ লেন্ মে | teṅgo len me |
| দেখ দেখ | { ঞেল্ মে ঞেল্ মে | N´el me n´el me |
| | ঞেলে মে ঞেলে মে } | N´ele me 2 |

| বাংলা | সাঁওতালী | ইংরাজী অক্ষরে সাঁওতালী |
|---|---|---|
| দেখি দেখি | দেন ইঞ্ ঞেলা | Den in´ n´ela |
| | দেন ইঞ্ ঞেলা | den in´ n´ela |
| ধীরে ধীরে | বাই বাই তে | Baị baịte |
| ধীরে ধীরে | আড়ে আড়েতে | Aṛe aṛete |
| ধর ধর | সাবে মে সাবে মে | Sabe me sabe me |
| | সাব্ মে সাব্ মে | Sab me sab me |
| নাই নাই | বানু আ বানু আ | Banua banua |
| নিজে নিজে | আপান্ আপিন্ | Apan apin |
| পালাও পালাও | এ আ দাড়্‌মে দাড়্‌মে | Ea daṛme daṛme |
| পড়িল পড়িল | ঞুরুহে কানাএ | N´urhe kanae |
| | ঞুরুহে কানাএ | n´urhe kanae |
| ফেল ফেল | গিডি কাম্ গিডি কাম্ | Giḍi kam |
| | | giḍi kam |
| | গিডি কাঃমে | Giḍikak' me |
| | গিডি কাঃমে | giḍikak me |
| বাজাও বাজাও | রুইমে রুইমে | Rui me rui me |
| বৎসর বৎসর | সের্মা কে সের্মা | Sermake serma |
| ভাল ভাল | নাপাএ নাপাএ | Napae napae |
| ভালয় ভালয় | নাএ নাপাএতে | Nae napaete |
| শুন শুন | আঞ্জম্ লেন্ | Aojom len |
| | আঞ্জম্ লেন্ | anjom len |
| সর সর | ও চোমে ও চোমে | O come o come |

### আমি আমার প্রভৃতি

| | | | | |
|---|---|---|---|---|
| আমি<br>আমাকে | ইঞ্ | In', | আমার | ইঞ্ আঃ In'ak<br>ইঞ্‌রেণ্ In'ren |
| তুই *<br>তোকে | আম্ | Am, | তোর | আম্ আঃ Amak'<br>আম্‌রেণ্ Amren |
| সে<br>তাহাকে | উনি | Uni. | তাহার | উনি আঃ Uniak'<br>উনিরেণ্ Uniren |
| তাহারা<br>তাহাদিগকে | উন্‌কো | Unko, | তাহাদের | উন্‌কো আঃ Unkoak'<br>উন্‌কো রেআঃ Unkoreak'<br>আকো আঃ Akoak' |
| যে<br>যাহাকে | যাহাঁএ | Jahâe, | যাহার | যাহাঁএ আঃ Jahâeak'<br>যাহাএ রেণ্ Jahaeren |
| কে<br>কাহাকে | অকঅ | Okoe | কাহার | অকএ আঃ Okoeak'<br>অকএরেণ্ Okoeren |
| তোরা<br>তো দিগকে | আপে | Ape, | তোদের | আপে আঃ Apeak'<br>অপেরে আঃ Ape reak' |

* সাঁওতালেরা সকলকেই তুই বলে। সময়ে সময়ে সম্মানার্থে বাক্য মধ্যে 'হো'ও ব্যবহার করিয়া থাকে।

যাহার } যাহাঁএ কো Jahâeko, যাহাদের { যাহাঁএ আঃ Jahaeak'
যাহাদিগকে } যাহাঁএ কো রে আঃ Jahâeko reak'

ইহারা } নোকো (Noko), ইহাদের { নোকো আঃ ( Nokoak' )
ইহাদিগকে } নোকো রে আঃ (Nokoreak')

কাহারা } অকএকো (Okoeko), কাহাদের { অকএকো আঃ (Okoekoak')
কাহাদিগকে } অকএকো রে আঃ Okoeko reak'

আমরা } আলে (Ale) ¶ আমাদের { আলে রে আঃ (Ale reak')
আমাদিগকে } আবো (Abo) * আলে আঃ (Aleak')

আবো { আবো রে আঃ (Abo reak')
আবো আঃ (Abo ak')

নিজেদের—আকোরেণ্ (Akoren)

N. B.—বাংলা ভাষায় ভিন্ন অন্য কোন ভাষায় ( বাংলা অক্ষরে লিখিলেও) ঋ, র, ষ এর পর "ণ" বসিবেই এমন কোন ধরা বাঁধা নিয়ম নাই।

---

* যাহার সহিত কথা হয় সে ছাড়া।

¶ যাহার সহিত কথা হয় সে সহ।

## বচন।

| | | |
|---|---|---|
| এক বচনে | মে। | যথা :—একজন আস·· হিজুঃ মে। ( Hijuk'me ) |
| দ্বি-বচনে | বেন। | যথা :—দুই জন আস...হিজুঃ বেন্। ( Hijuk' ben ) |
| বহুবচনে | পে। | যথা :— সকলে বা বহুজন আস হিজুঃপে ( Hijuk'pe ) |

আদেশ ভিন্ন অন্যত্র 'কো' শব্দ যোগে বহুবচন হয়। যথা :—

| | | |
|---|---|---|
| লোক সমূহ | হড়্কো | Hoṛko |
| নগর সমূহ | নাগ্রাহা কো | Nagrahako |
| মাছ সকল | হাকোকো | Hakoko |

নিম্নলিখিত শব্দে উক্ত নিয়ম গুলি খাটিবে না।

| একবচন। | | | বহুবচন | | |
|---|---|---|---|---|---|
| আমি | ইঞ্ | In´ | আমরা | আবো | Abo |
| তুমি | আম্ | Am | তোমরা | আপে | Ape |
| সে | উনি | Uni | তাহারা | উন্‌কো | Unko |

কয়েকটি বিশেষ শব্দের ব্যবহার।

### ( ১ ) অচএম্ Ocoem

একবচনে—অচএম্ যথা:—

তোমার ছেলের টিকা দেও।

আম্‌রেণ্ গিদ্‌রা টিকা অচএম্।

দ্বি-বচনে—অচকিন্। যথা :—

তোমার ছেলেদের টিকা দেও।

আম্রেণ্ গিদ্রা টিকা অচকিন্মে।

বহুবচনে—অচকোম্। যথা :—

তোমার ছেলেদের টিকা দেও।

আমরেণ্ গিদ্রা টিকা অচকোম্।

( ২ ) মেনাঃ তামা Menak'tama

একবচনে—মেনাঃ তামা। যথা :—

তোমার একটী লণ্ঠন্ আছে।

আমাঃ মিৎটেন্ লাল্টেন্ মেনাঃ তামা *

তোমার একটি ঘোড়া আছে।

আমরেণ্ মিৎটেন্ সাদম্ মেনাএ তামা। †

দ্বি-বচনে—মেনাঃ কোতাবেনা। যথা :—

তোমাদের একটি ঘোড়া আছে ( দুজনের )

আবেন্ রেণ্ সাদম্কো মেনাঃ কোতাবেনা।

বহুবচনে—মেনাঃ কোতাপেআ। যথা :—

তোমাদের বহু ঘোড়া আছে।

আপে কোরেণ্ সাদম্ কো মেনাঃ কোতাপেআ।

---

* জড়পদার্থে 'মেনাঃ তামা'।

† জীবিত পদার্থে 'মেনাএতামা' হইবে ( তাহার হইলে 'মেনাএতাএআ' হইবে )

| বাংলা | সাঁওতালী | ইংরাজী অক্ষরে সাঁওতালী |
|---|---|---|
| আমরা ( দু'জন ) | আলিঞ-তিলিঞ | Alin´-tilin´ * |
| তোমরা ( দু'জন ) | আবেন্ তেবেন্ | Aben-teben † |
| কে কে ( দু'জন ) | আলাং তালাং | Alań-talań ‡ |
| উহারা ( দু'জন ) | উন্‌কিন্ | Unkin * |

যথা : — উন্‌কিন্ চেৎ কিন্ চেকা কেদা ?

উহারা কি করিয়াছিল ?

| | | |
|---|---|---|
| ইহারা ( দু'জন ) | নুকিন্ | Nukin |

যথা :—নুকিন্ গি চালাঃ আ

ইহারা যাইবে।

নুকিন্ গি কিন্ চালাঃ আ

ইহারাই যাইবে।

আমরা ( দু'জন ) আমি ও তুমি :— লাং Lań

যথা :—বাংলাং বাডাএআ বা বাং বাড়াএ আলাং

আমরা জানি না।

আমরা ( দু'জন ) :—আমি ও সে :— লিং Liń

যথা :—(I) মে আং লিং হিজুঃ আ

পরশু আমরা আসিব।

(II) গঁএঠাঞ্ লিং হালাং এদা

আমরা ঘুটে কুড়াই।

*, †, ‡ দেখাইয়া দিয়া বলা। * 'কিন' শব্দ দ্বিত্ব বোধক।

আমরা ( অনেকে ) তুমি ছাড়া লে Le

যথা :—(।) হাকো পাকো লে হিজুঃ আ

আমরা তাড়াতাড়ি আসিব।

(।।) গঁএঠা লে হালাং এদা।

আমরা ঘুটে কুড়াই।

---

| | |
|---|---|
| আমরা না | আলেদ বাং |
| তোমরা না | আপেদ বাং |
| তাহারা না | উন কোদ বাং |

বাং, বাঞ্, বাম্ ও বাএর ব্যবহার।

বাং (Baṅ) না। সর্ব্বত্রই ব্যবহার হয়।

যথা :—(।) ইঞ্দ বাং বাডাএআ ( আমি জানি না )

(।।) বাং বেশ আ। ( ভাল নয় )

বাঞ্ ( বাং+ইঞ্ ) Ban´ না। নিজের বেলায় ব্যবহার হয়।

যথা : - বাঞ্চালাঃ আ। ( যাইব না )

বাম্ ( বাং+আম্ ) মধ্যম্ পুরুষ একবচনে।

যথা :—বাম্ বাডাএআ। ( তুমি জান না )

বাএ ( বাং+উনি ) প্রথম পুরুষ একবচনে।

যথা :—বাএ বাডাএ আ। ( সে জানে না )

---

শব্দের পরিবর্ত্তন।

'ইঞ্ আঃ' ( আমার ) শব্দের শেষে বসিলে ঞ্ হয়।

যথা :—এঙ্গা+ইঞ্ আঃ—এঙ্গাঞ্ ( আমার মাতা )

কিন্তু হসন্তান্ত শব্দের শেষে বসিলে 'ইঞ্' হয়।

যথা :—হপন্+ইঞ্ আঃ=হপন্ ইঞ্ ( আমার পুত্র )

'আম্ আঃ' ( তোমার )—শব্দের শেষে বসিলে অম্, আম্, মে, উম্ এবং এম্ হয়। যথা :—অম্—বকৎ+'আম্ আঃ'=বকম্।

( তোমার ছোট ভাই )

আম্—এঙ্গা+আম্ আঃ=এঙ্গাম্। ( তোমার মা )

মে—কুড়ি হপন্+আম্ আঃ=কুড়ি হপন্ মে।

( তোমার মেয়ে )

উম্—আপুং+আম্ আঃ=আপুম্ ( তোমার বাবা )

'উনি আঃ' ( উহার বা তাহার ) শব্দের শেষে বসিলে আৎ, এৎ এবং ওৎ হয়। যথা :—

আৎ—এঙ্গা+উনি আঃ=এঙ্গাৎ ( উহার মা )

এৎ—ওড়াঃ গম্‌কে +উনি আঃ=ওড়াঃ গম্‌কেৎ

( উহার বা তাহার স্ত্রী )

ওৎ—গোং গো+উনি আঃ=গোং গোৎ

( উহার বা তাহার জ্যেঠা )

দ্বিত্ব প্রয়োগ।

উন্‌কিন্ কিন্, আ বো বো, আ পে পে প্রভৃতি। উদাহরণ যথা :—



উন্‌কিন্ কিন্ :—

উন্‌কিন্ কিন্ হিজুঃ আ ( উহারা দুজন আসিবে )

আবো বো :—

আবো বো মেন্ কে আ। ( আমাদের মনে হয় )

আপেপে :—আপে পে আড়ি বেশ গিদ্‌রা কানা ( তোমরা খুব ভাল ছেলে )

ইঞ্‌ ইঞ্‌ :—ইঞ্‌ ইঞ্‌দ চালাঃ কানা ( আমি যাইতেছি )

## সন্ধি।

'বাং' শব্দের সহিত কোনও বিশেষ্য পদের সন্ধি হইলে 'বাং'এর অনুস্বারের লোপ হয়। যথা :—(i) বাং+ইঞ্‌=বাইঞ্‌। বাইঞ্‌ বাডাএআ

( আমি জানিনা )

(ii) বাং+কো=বাকো। সানাম্ হড়্ সের্মারে আঃ সুক্ বাকো ঞামা।

( সমস্ত লোক সর্গ সুখ পাইবে না )

### ছন্দ প্রকরণ।

একই শব্দ একই বাক্য মধ্যে তিনবার প্রয়োগ হয় না। যথা :—

'আম্ দম্ ওকারেণ্ কানাম্' হইবে না এখানে 'আম' শব্দ তিনবার প্রয়োগ করা হইয়াছে ( আম্, দম্ ও কানাম্ এর মধ্যে )

এ :—প্রথম পুরুষ এক বচনে বাক্য মধ্যে সাধারণতঃ কর্ত্তা বা ক্রিয়ার পর 'এ' (e) বসে। ঐ 'এ' ক্রিয়ার পর বসিলেই অধিকতর শ্রুতি মধুর হয়।

যথা : – (i) উনি দএ থানারেণ্ কানা। বা উনিদ থানারেণ্ কানাএ। ( উনি বা সে থানার লোক )

(২) ডাঙ্গুয়া কুড়ী মরিয়াম্ খনে § জানাম্লেনা বা ডাঙ্গুয়া কুড়ী মরিয়াম্ খন জানাম্লেনাএ। 'উনি' শব্দ কোন বাক্যের মধ্যে বা অন্তে বসিলেও 'উনি' স্থানে 'এ' হয়। যথা :—বাএ বাড়াএআ *

য়ে :—যে শব্দের শেষে 'এ' বসে তাহার শেষে যদি 'এ' থাকে তবে 'এ' না হইয়া 'য়ে' (ye) হইবে। যথা :—চেৎ লেকাতেয়ে।

(Cet' lekateye)

যীশুদ চেৎ লেকাতেয়ে জানাম্লেনা ?

( যীশু কি প্রকারে জন্মিয়া ছিলেন )

দ :—শ্রুতি মধুর জন্য যে কোন বচনে যে কোন বাক্যের মধ্যে একটি 'দ' (do) বসে যথা :—

| | |
|---|---|
| আম্দ চালাঃ মে। | তুমি যাও |
| আপেদ চালাঃ পে। | তোমরা যাও |
| ইঞ্ দ চালাঃ কানা। | আমি যাইতেছি |
| উনিদএ অকএ কানা ? | উনি কে ? |
| ঈশরদএ হক্‌গিআ। | ঈশ্বর সত্য |

এম্ :—একবচনে অলঙ্কারে 'এম্' যোগ হয়। যথা :—

(!) চেৎএম্ উতুইআ ? কি রাঁধিব ?

(!!) আম্দ আড়ি তেৎ এম্ লান্দাএদা

দ্বিবচন বা বহুবচনে 'এম্' যোগ হয় না।

যথা :—(!) আবেন্ দ আড়ি তেৎবেন্ লান্দাএদা। ( দ্বিবচন )

(!!) আবেন্ দ আড়িতেৎ পে লান্দাএদা। ( বহুবচন )

তোমরা তো খুব রসিক !

---

§ খনে—খন্+এ। * বাং+উনি—বাএ

ত :—যাহাতে অন্যের অধিকার নাই এরূপ বাক্য মধ্যে একটি 'ত' বসে।
যথা :—মেনাঃ তামা (ত+আম্+আ) তোমার আছে। মেনাঃ তিঞা (ত+ইঞ্+আ) আমার আছে। মেনাএ তাএআ (ত+উনি+আ) তাহার আছে।

চঙ্ :—অনিশ্চয়ার্থে 'চঙ্' প্রয়োগ হয় যথা :—অকএ বাডাএ চঙ্ চেৎ চঙ্। কে জানে কি!

মা :—আদর করিয়া কোন কথা বলিতে হইলে 'মা' প্রয়োগ করিতে হয়।
যথা :—

মা জমমে খাও।

মা দুডুপ্মে বস

দো :—বিদায় সূচক বাক্যে সর্ব্ব বচনেই বাক্যের প্রথমে 'দো' প্রয়োগ করিতে হয়। যথা—দো চালাঃ মে (বেন) (পে)—যাও।

## কাল।

অতীত কাল—বোনা, এনা, লেনা, লেদা, কেদা প্রভৃতি যোগে অতীত কাল হয়। যথা :—

বোনা—অকএ বাঞ্চাও আকাৎ বোনা?
কে আমাদিগকে বাঁচাইয়াছে?

এনা—রাজা হোই এনাএ।
রাজা হইয়া ছিলেন বা হইলেন।

লেনা—নোন্কাতেয়ে জানাম্ লেনা।
এই প্রকারে জন্মগ্রহণ করিয়াছিল।
চালাও লেনাঞ্ গিয়াছিলাম।
হেঃই্ লেনাএ আসিয়াছিল।

কেদা—উন্‌কিন্ চেৎ কিন্ চেকা কেদা ?

তাহারা কি করিয়াছিল ?

লেদা – জম্ লেদাঞ্ খাইয়াছিলাম।

বর্ত্তমান কাল – কানা, এদা প্রভৃতি যোগে বর্ত্তমান কাল হয়। যথা—

কানা—ওকাতে বেন্ চালাঃ কানা ?

তোমরা দুজন কোথায় যাইতেছ ?

এদা —উন্‌কোদ দাঁড়ে বাং কো সামাং এদা

তাহারা পূজা করে না।

ভবিষ্যৎ—'আ' যোগে ভবিষ্যৎকাল হয়। যথা :—গাপা ইঞ্‌দ চালাঃ আঞ্ ( আমি কল্য যাইব ) জিজ্ঞাসা স্থলেও 'আ' যোগ হয়। যথা :— হিজুঃ আএ ? ( সে আসিবে ), দাকা জমা ? ( ভাত খাইবা ? ) আদেশ বুঝাইলে বর্ত্তমান ও ভবিষ্যৎ কালে মে, বেন, পে প্রভৃতি যোগ হয়। যথা :—

| | | | | |
|---|---|---|---|---|
| চালাঃ মে | যাও | বা | যাইও | ( একজন ) |
| চালাঃবেন্ | যাও | বা | যাইও | ( দুজন ) |
| চালাঃপে | যাও | বা | যাইও | ( বহুজন ) |

গাপা সেতাঃরে ডাগ্‌তর্ খানারে চালাঃমে

কল্য সকালে ডাক্তার খানায় যাইও।

---

| | |
|---|---|
| শিখিয়াছি | শেঁড়া আকাদা ইঞ্। |
| শিখিতেছি | শেঁড়া এদা ইঞ্ বা চেৎ এদা ইঞ। |
| শিখিব | শেঁড়া আঞ্ |

| | |
|---|---|
| বলিস্ | মেতাএমে |
| বলিবি | মেম্ আম্ |
| বলিব | মেন্ আঞ্ |

---

| | |
|---|---|
| রাখিয়াছি | দহ আকাদাইঞ |
| রাখিয়াছিস | দহ আকাদাম্ |
| রাখিয়াছে | দহ আকাদাএ |

---

| | |
|---|---|
| মেতা দেআ | বলিয়াছিল |
| মেতা কোআ | বলিবে |

হোয়োঃ আ—হইবে। যথা :—

নূই আঃ গেরতে ম্যালেরিয়া রোগ বাং হোয়োঃ আ

ইহার কামড়ে ম্যালেরিয়া রোগ হইবে না

হোয়োঃ গিআ—হয় বা হইবে নিঃসন্দেহ সূচক যথা :—

নূই আঃ গেরতে ম্যালেরিয়া রোগ হোয়োঃ গিআ।

ইহার কামড়ে ম্যালেরিয়া রোগ হয়

কোঃ আ—ভবিষৎ কাল জিজ্ঞাস্ত স্থলে। যথা—

উল্ হাতাও কোঃ আ ? আম লইবে ?

মেন্ কেদা—বলিল। যথা :—

উনি হড়্ এ মেন্ কেদা। সে বলিল।

মেতা দেআ—এই মাত্র বলা। যথা :—

ইঞ্ দ উনি হড়িঞ্ মেতা দে আ।

আমি উহাকে বলিলাম

মেতাঃ কিনা—২ বচনে অতীতকালে। যথা:—ইঞ্ দ আবেন্ মেতাঃ কিনা।

মেতাঃ কো আ—অতীতে বহু বচনে।

যথা:—ইঞদ আপেকো মেতাঃ কো আঞ্

আমি তোমাদিগকে বলিয়াছিলাম।

---

কুলি লে দে আ—অতীতে নিজ বেলায়। যথা:—

পেআ কাথাঞ্ কুলি লেদে আ।

তিনটী কথা জিজ্ঞাসা করিয়াছিলাম

কুলিকে দে আ—অতীতে অন্তের বেলায়। যথা:—

উনি এ কুলি কেদে আ।

উনি বা তিনি জিজ্ঞাসা করিয়াছিলেন।

চেকাএআ }
চেকাঃআ } ভবিষ্যৎ কালে যথা—

(১) গিতিঃই্ কাতে চেৎ ইঞ্ চেকাএআ?

শুয়ে আর কি হবে?

(২) নোআ জম্‌কাতে চেৎ ইঞ্ চেকাঃআ?

এটা খাইয়া আর কি হইবে?

মেনা—বর্ত্তমান কাল। যথা—হড়্ কো মেনা। লোকে বলে।

মেনাঃআ—বর্ত্তমানকাল একবচনে। যথা—উল্ মেনাঃআ। আম আছে।

মেনাঃ কো আ—বর্ত্তমান কালে বহুবচনে। যথা—ইঞ্ রেণ্ আডি উতার্ গিদ্‌রা মেনাঃ কো আ। আমার অনেকগুলি ছেলে পিলে আছে।

মেনাঃ লে আ—বর্ত্তমানকালে বহুবচনে। যথা—আএমা হড়্ মেনাঃ-
লে আ। বহুলোক আছি।

এমাএ মে—বর্ত্তমানকালে প্রথম পুরুষে যথা—

নোআ কিচ্ রিঃই্ উনি এমাএ মে। এই কাপড় তাহাকে দেও।

এমাঞ্ মে—বর্ত্তমানকালে উত্তম পুরুষে যথা :—

ইঞাঃ বখ্ রা দেন্ এমাঞ্ মে। আমার ভাগ দেও।

---

সেঃ কাও—ভবিষ্যতে। যথা :—

লো লো দাঃতে সেঃকাও হইওঃআ।

গরম জলে সেকাইতে হইবে।

সেকাও—বর্ত্তমানকালে আদেশে। যথা :—

লেলো দাঃতে সেকাও মে। গরম জলে সেকা দেও।

হোই আকানা বা হোয় আকানা—অতীতে জড় পদার্থে। যথা :—

জোগ্ড্রাদ হোই আকানা। জুট্টা হইয়াছে।

হোইএনা বা হোয়এনা—অতীতে প্রাণীবাচক পদার্থে। যথা :—

ওন্‌কোদ আসল সাঁওতালকো হোইএনা।

উহারা আসল সাঁওতাল হইল।

হোইএনা Hoi ena = হোএ এনা Hoe ena = হোয়এনা Hoyena।

এই তিন প্রকারই হইতে পারে কিন্তু সাধারণতঃ শেষ শব্দটাই ব্যবহার হইয়া থাকে।

---

## কারক ও বিভক্তি।

সাঁওতালী ভাষাতে বিভক্তি যোগে মূল শব্দের কোন পরিবর্ত্তন হয় না এবং কর্ম্মকারকে কোনও বিভক্তি যোগ হয় না মাত্র ক্রিয়া দৃষ্টে ঠিক করিতে হয়।

কর্ত্তায়—প্রথমা।

ইঞ্‌দ চালাঃ কানা—আমি যাইতেছি।

কর্ম্মে—দ্বিতীয়া।

(1) ইঞ্‌ এমাঞ্‌মে—আমাকে দেও।

(2) হেরেল্‌ হহ আগুই্‌মে—মোড়োল্‌কে ডাক।

করণে—তৃতীয়া।

'হতে তে'

ইঞ্‌ হতেতে বাং হোয়োঃ আ—আমার দ্বারা হইবে না।

সম্পদানে—চতুর্থী

'গি'

আম্‌গি বক্‌শিষ্‌ দঞ্‌ এমামা—তোমাকে পুরস্কার দিব।

অপাদানে—পঞ্চমী।

'খন'

সের্মাখন্‌ দাঃ জরঃ কানা। আকাশ হইতে জল পড়িতেছে।

সম্বন্ধে—ষষ্ঠী।

"রেণ্‌, রেআঃ এবং আঃ"

রেণ্‌—এক বচনে পরে প্রাণীবাচক শব্দ থাকিলে প্রাণীবাচক শব্দের সহিত রেণ্‌ যোগ হয়। যথা :—ইঞ্‌রেণ্‌ হপন্‌—আমার পুত্র।

আঃইরেণ্‌ হপন্‌—নিজের পুত্র।

রেআঃ—(1) বহুবচনে পরে জড় পদার্থ থাকিলে প্রাণীবাচক শব্দের সহিত রেআঃ যোগ হয় যথা :—জেল্ আর খিকৃড়ী রেআঃ ফেন্—হরিণ ও খেঁকশিয়ালের গল্প।

(2) কোন কোন স্থলে জড়পদার্থ পরে থাকিলে একবচনে সম্মানার্থে প্রাণীবাচক শব্দের সহিত 'রেআঃ' যোগ হয়। যথা :—

হাকিম্ রেআঃ হুকুম্—হাকিমের হুকুম্।

(3) পরে জড় পদার্থ থাকিলে কোথাও কোথাও এক বচনেও জড়-পদার্থের সহিত 'রেআঃ' যোগ হয়। যথা :—

নোআ কলম্ রেআঃ দাম্ মিৎআনা।

এই কলমের মূল্য এক আনা।

আঃ—জড়পদার্থ পরে থাকিলে একবচনে প্রাণীবাচক শব্দে 'আঃ' যোগ হয়। যথা :—

(1) আমাঃ+(আম্+আঃ) গাড়ী—আমার গাড়ী।

(2) এটাঃ হড়াঃ ধন্ আলম্ লালোচাঃআ—অন্যের ধনে লোভ করিও না।

অধিকরণে—সপ্তমী।

"রে"

(1) অৎরে ফেডোমে—মাটীতে যাও।

(2) বাইহেড়্রেক্ষশল্ অমনঃ আ—মাঠে শষ্য জন্মে।

---

সম্বোধনে—প্রথমা।

সম্বোধন করিতে হইলে 'হেন্দা' শব্দ যোগ করিতে হয়। যথা :—

হেন্দা মোড়োল্ ওকাতেম্ চালাঃ কানা।

ওহে মোড়ল কোথায় যাও!

## ক্রিয়া

জম্, কানা, সাপ্, এ্রেল্, হিজু: প্রভৃতি সমাপিকা ক্রিয়া পদ।

'কানা' ভিন্ন সমস্ত সমাপিকা ক্রিয়ার সহিত 'কাতে' শব্দ যোগে অসমাপিকা ক্রিয়া হয়। যথা :—

| | |
|---|---|
| জম্+কাতে | জম্কাতে খাইয়া। |
| সাপ্কাতে | ধরিয়া |
| এ্রেল্কাতে | দেখিয়া |
| হিজু:কাতে | আসিয়া |
| বিলোম্কাতে | বিলম্বে |
| তাপোকাতে | ভিজাইয়া |
| হালাংকাতে | কুড়াইয়া |
| আএ্ জম্কাতে | শুনিয়া |
| হে:ই্কাতে | আসিয়া |
| গিতি:ই্কাতে | শুইয়া |
| এদ্রেকাতে | রাগিয়া প্রভৃতি। |

---

'কাতের' ন্যায় 'লেথান' শব্দ যোগেও কোথাও কোথাও অসমাপিকা ক্রিয়া হইয়া থাকে। যথা :—

| | |
|---|---|
| সেকাও লেথান্ | সেকাইয়া |
| কামি লেথান্ | কাজ করিয়া |

---

কোন কোন স্থলে হসন্তান্ত পদের সহিত 'কানা' শব্দ যোগে উক্ত হসন্ত লোপ হয় এবং ঐ স্থানে বিসর্গ হয়। যথা :—

এম্ + কানা = এমঃকানা দিতেছে

শেন্ + কানা = শেনঃকানা যাইতেছে

( গি )

নিশ্চয়ার্থ বোধক ক্রিয়াতে 'গি' যোগ হয়। যথা :—

সাব্ গি হোয়োঃআ ধরিতেই হইবে

কোন কোন স্থলে শব্দের প্রথম অক্ষর দুইবার উচ্চারিত হইয়াও নিশ্চয়ার্থ প্রকাশ করে। যথা :—

হাকোকো আগাপ্ কানা—মাছ ধরিতেছে

জজম্ কানাঞ্ খাইতেছি

পরস্পরের মধ্যে কোন কার্য্য করা বুঝাইলে ঐ ক্রিয়ার প্রথম অক্ষরের পর একটি 'প' বসে এবং প্রথম অক্ষরে যে স্বর যুক্ত থাকে উহাতেও সেই স্বর যোগ হয় যথা :—

| | | | |
|---|---|---|---|
| এেল্ | দেখা | এেপেল্ | পরস্পর দেখাদেখি করা |
| কিলাও | কিল মার | কিপিলাও | ,, কিলাকিলি করা |
| দাল্ | মারা | দাপাল্ | ,, মারামারি করা |
| গের্ | কামড়ান | গেগের্ * | ,, কামড়াকামড়ী করা |
| হাটিং | ভাগ করা | হাপাটিং | ,, ভাগাভাগি করা |

* 'গের' স্থলে "গেগের" হয়

আছে

মেনাঃআ
হেনাঃআ } জড় পদার্থে

যথা :—ওণ্ডেদ উপ্‌াল্ বাহা মেনাঃ আ বা হেনাঃ আ
ওখানে লাল ফুল আছে।

মেনাএআ ( প্রণীর পক্ষে )
যথা :—(!) পণ্ডিত ওড়াংরে মেনাএআ ?
পণ্ডিত বাড়ীতে আছে ?

2 ঈশরদ সানাম্ টাণ্ডি রেগি মেনাএআ
ঈশ্বর সর্ব্বত্র বিদ্যমান।

আছি :—মেনাঞা (Menan´a) নোওে মেনাঞা—এখানে আছি।

বাড়া

রাকাপ্—নিজে ( আপনি ) বাড়া
যথা :—ডুবাররাকাপ্ কানা—বান বাড়িতেছে।
বাকাব্—কেহ বাড়াইয়া দেওয়া
যথা :—দিউহে রাকাব্‌মে—বাতি বাড়াও।

খাওয়া

জম্—চর্ব্বণীয়। যথা :—দাকা জমা ? ভাত খাইবে ?
ঞু ই—পানীয়। যথা :—দাঃঞুইমে—জল খাও।

নিভা

হড়িঃই্—বাতাসে বা ফুৎকারে নিভা
যথা :—দিউহে হড়িঃই্‌এনা—বাতি নিভিয়া গেল
হায়্‌হড়্—তৈল না থাকায় নিভা
যথা :—দিউহে হায়্‌হড়্‌এনা—বাতি নিভিয়া গেল

শুকান

তাসে—কোন দ্রব্য উত্তাপে শুকান
যথা :—কিচ্‌রিঃই্ তাসেমে কাপড় শুকাও
আজেং—জল শুকান
যথা :—পুক্‌রীদ আজেংএনা পুকুর শুকাইয়াছে

পাক কর
- ইসিন্‌মে। যথা :—দাকা ইসিন্‌মে—ভাত রাঁধ
- চোন্দাইমে চড়াইয়া দেও
  যথা :—দাকা চোন্দাইমে—ভাত চড়াইয়া দেও
- উতুইমে। যথা :—দাল উতুইমে—ডাল রাঁধ

ওডো কোঃমে—জীবিত পদার্থে। যথা :—আম্‌দ ওডোকোঃ মে
তুমি বাহিরে যাও।

ওডোঃকাঃমে—জড় পদার্থে। যথা :—চাকু ওডো কাঃমে
চাকু বাহির করিয়া দেও।

নাই
- বান্‌ঃআ, বান্‌ঃ আন্ — যথা :—চাকুদ বান্‌ঃআ বা বান্‌ঃ আন্।
- বাহুগিআ—বাড়ীতে নাই, মাঠে নাই ইত্যাদি স্থলে নিশ্চয়ার্থে প্রাণীর পক্ষে
  যথা :—পণ্ডিত ওড়াঃরে বাহুগিআ
  পণ্ডিত বাড়ীতে নাই।
- বান্‌ঃ আনাঃ—জড় পদার্থে বহুবচনে। যথা :—
  (1) ঞিন্দা চান্দো রে আঃ নিজ মার্সাল দ বান্‌ঃ আনাঃ।
  চন্দ্রের নিজের কোন আলোক নাই।
  (2) ওন্তেদ নারিক'ড়, কাএরা, উলদ বান্‌ঃ আনাঃ
  ওখানে নারিকেল, কলা, আম নাই।
- বান্‌ঃ কোআ বহুবচনে, প্রাণীর পক্ষে।
  যথা :—ওন্তেদ হাথি, কুল্, তারুপদ বান্‌ঃ কোআ। ওখানে হাতি, সিংহ বাঘ নাই।

## বিবিধ শব্দের ব্যবধান ও ব্যবহার।

দাম্ ( মূল্য )
- দামেআ ( প্রাণীর পক্ষে )
  যথা :—হাকো তিনাঃ এম্ দামেআ ?
  মাছের মূল্য কত ?
- দামা ( জড় পদার্থের পক্ষে )
  যথা :—কাএরা তিনাঃ এম্ দামা ?

গল্প
- গাম্—পৌরাণিক গল্প।
- ফেল্—নীতি পুর্ণ গল্প।
- কাহ্নি—ঐ
- রড়্—গল্প গুজব বা সাধারণ গল্প।

বেশী ( অনেক ) আডি। যথাঃ—আডি দিন হোই্এনা। অনেক দিন হইল।

বহু সংখ্যক—আডিউতার্, গাদেল্।
( ১ ) আডি উতার্ উঁট্ মেনাঃ কোআ।
অনেক উট্ আছে।
( ২ ) গাদেল্ হড়্—অনেক লোক।

কথা
- রড়্—কথোপ কথনের বেলায়। যথাঃ—
  আলম্ রড়া—কথা বলিওনা।
- কাথা—কোন বিশয়ের কথা। যথাঃ—
  কাথা দ নিআ গিআ—কথা এই হইল।

কচি
- বালে—প্রাণীতে। যথাঃ—বালে গিদ্রা—ছোট ছেলে
- খিচা—জড় পদার্থে। যথাঃ—খিচা তাহের্—কচি লাউ

সম্পূর্ণ

# শুদ্ধি পত্র

| অশুদ্ধ | শুদ্ধ | পৃষ্ঠা | পংক্তি |
|---|---|---|---|
| ভিড্ডি | ভিত্তি | ৩ | ৭ |
| ঘাম | ঘাস | ৫ | ১৮ |
| পাঠ | পাট | ৬ | ১ |
| Gêrê | Cêrê | ৭ | ১৭ |
| Akar' | Arak' | ৫০ | ২০ |
| জের কোড়ে | জোর কোরে | ৬৬ | ৮ |
| কামাম্ | কানাম্ | ৮২ | ১ |
| বাগেগিয়া | বগেগিআ | ৯১ | ১৩ |
| মার্টি | মাটি | ৯২ | ১০ |
| টিকা | টিকা | ৯৭ | ৫ |
| নিখিব | লিখিব | ১১৪ | ১৭ |
| বির্টি | বিটি | ১২০ | ১০ |
| জানা | জালা | ১২২ | ৩ |
| বরদিদি | বড়দিদি | ১২২ | ১৭ |
| ঝাপ্‌লা | বাপ্‌লা | ১২৩ | ১২ |
| নোস্তে | নোওে | ১৩০ | ১৪ |
| দুর্গন্ধি | দুর্গন্ধ | ১৩৩ | ৮ |
| Achurlenme | Acurlenme | ১৩৯ | ১/২ |
| Aojomlen | Aùjomlen | ১৪০ | ২১ |
| ক্রিয়া | ক্রিবা | ১৫৫ | ২. |
| ওড়াংয়ে | ওড়াঃরে | ১৫৯ | ৩ |

—:০:—

নবীন সাধক

শ্রীযুক্ত দৈবচরণ ঠাকুর প্রণীত।

ধর্ম্ম মূলক অমিয় ভক্তি সঙ্গীত গ্রন্থ

# "দৈব গীতাবলী"

পাঠে ভক্ত, ভাবুক, সাধক, বিষয়ী সকলেই চিত্ত পরিতৃপ্ত করুন। ইহাতে নানা প্রকার সুর লহরীর মধ্য দিয়া ভগবচ্চিন্তার চরমোৎকর্ষ সাধিত হইয়াছে। গ্রন্থকারের অমৃতময়া লেখনীতে সকলেই মুগ্ধ হইবেন। সৎসঙ্গরূপ পরশ মণির স্পর্শে এবং সদগুরুর সদুপদেশ লাভ করিয়া যদি পূর্ণরূপে কামিনী কাঞ্চন ও বিষয় বাসনাদিতে লিপ্ত থাকিয়াও শ্রীভগবানে আত্ম সমর্পণ করিয়া আদর্শ চরিত্রবান্ রূপ খাঁটী সুবর্ণে পরিণত হইতে চাহেন তবে এই পুস্তক পাঠ করুন এবং ইহার অভিনবত্ব ও গুরুত্ব হৃদয়ঙ্গম্ করুন, সংসার-তাপ-দগ্ধ প্রাণ সুশীতল করুন। উৎকৃষ্ট কাগজে ছাপা। ১৫৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। মূল্য মাত্র ১৲ একটাকা; একত্রে তিন খানা লইলে ২।॰ দুইটাকা চারি আনা। ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান।

শ্রীযদুবর নাথ

রূপ্‌সা ইষ্ট

পোঃ ও জেলা

খুলনা।

**Click Here For More Books>>**